

ট্রাম্পের গাজা পরিকল্পনা মানবেন না মার্কিন রিপাবলিকান সিনেটররা

সারে-জমিন



ফুটপাতে শিশু কন্যাকে যৌন হেনস্থার ঘটনায় ফাঁসির সাজা

রূপসী বাংলা



কেন মণিপুরে নতুন মুখ্যমন্ত্রী বেছে নিতে পারল না বিজেপি?

সম্পাদকীয়



উচ্চমাধ্যমিক ২০২৫ শেষ মুহূর্তের প্রস্তুতি: ভূগোল

স্টাডি পয়েন্ট




ভারতের ৪০ বছর আগের রেকর্ড ভেঙে দিল আমেরিকা

খেলতে খেলতে


# আপনজন

বাংলা দৈনিক সংবাদপত্র
Daily APONZONE

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

বুধবার
১৯ ফেব্রুয়ারি, ২০২৫
৬ ফাল্গুন ১৪৩১
২০ শাবান ১৪৪৬ হিজরি

সম্পাদক
জাইদুল হক

Vol.: 20 ■ Issue: 49 ■ Daily APONZONE ■ 19 February 2025 ■ Wednesday ■ Kolkata ■ RNI: WBBEN/2004/14450 ■ Price: Rs. 5.00 ■ Pages: 8 ■ www.aponzonepatrika.com/epaper.php ■ aponzone@gmail.com


**প্রথম নজর**

## তেলেঙ্গানায় রমজানে এক ঘণ্টা আগে ছুটি সরকারি মুসলিম কর্মচারীদের



**আপনজন ডেস্ক:** রমজান মাস আসন্ন। এই মাস শুরুর ঠিক আগে, তেলেঙ্গানার কংগ্রেস সরকার মুসলিম সরকারি কর্মচারীদের জন্য দারুণ সুখবর দিয়েছে। রোজা এবং ইফতারের কথা বিবেচনা করে, সরকার ঘোষণা করেছে, মুসলিম কর্মচারীদের জন্য কর্মঘণ্টা কমানো হবে। সরকারি বিভাগ, সরকারি খাতের ইউনিট এবং শিক্ষা প্রতিষ্ঠানের মুসলিম কর্মচারীরা এই সুবিধা পাবেন। প্রদত্ত তথ্য অনুসারে, মুসলিম সরকারি কর্মচারীরা রমজান মাসে স্বাভাবিক দিনের তুলনায় এক ঘন্টা আগে কাজ ছেড়ে বাড়ি যেতে পারবেন। এই সুবিধাটি রাজ্যে ২ মার্চ থেকে শুরু হবে এবং ৩১ মার্চ পর্যন্ত চলবে। এর অর্থ হল, যেসব মুসলিম কর্মচারী সাধারণত বিকেল ৫টায় অফিস থেকে বের হন, তারা বিকেল ৪টায় অফিস থেকে বাড়ির উদ্দেশ্যে রওনা হতে পারবেন। সাধারণ প্রশাসন বিভাগ মুসলিম সরকারি কর্মচারীদের দ্রুত ছুটির ঘোষণা দিয়ে একটি সরকারি বিজ্ঞপ্তি জারি করেছে। এই সার্কুলারে বলা হয়েছে যে শিক্ষক, চুক্তিভিত্তিক, আউটসোর্সিং, বোর্ড, কর্পোরেশন এবং সরকারি খাতে কর্মরত সকল মুসলিম কর্মচারীর জন্য রমজান মাসে রোজা চলাবালীন এই সুবিধাটি উপলব্ধ থাকবে।

‘শিকলবন্দি’ নিয়ে তোপ মোদিকে, চ্যালেঞ্জ শুভেন্দু অধিকারীকে

# জঙ্গি যোগের প্রমাণ দিলে সঙ্গে সঙ্গে পদত্যাগ করব: মমতা

**আপনজন ডেস্ক:** মঙ্গলবার রাজ্য বিধানসভায় বাজেট অধিবেশনে রাজ্যপালের ভাষণের জবাবি বক্তৃতা দিতে গিয়ে শিকল বেঁধে ভারতীয়দের আমেরিকা থেকে দেশে ফেরানোর প্রসঙ্গ টেনে আনলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেই সঙ্গে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী তৃণমূল সরকারের সঙ্গে জঙ্গি-যোগের যে অভিযোগের পরিপ্রেক্ষিতে মুখ্যমন্ত্রী চ্যালেঞ্জ জানিয়ে বলেন, এই অভিযোগ প্রমাণ করতে পারলে মিনিটের মধ্যে পদত্যাগ করব। মুখ্যমন্ত্রী আমেরিকা থেকে “অবৈধ” ভারতীয় অভিবাসীদের শিকলে বাঁধা বিতাড়নের নিন্দা করে ওই ঘটনাকে “লজ্জাজনক” বলে অভিহিত করেছেন। তবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তার সাম্প্রতিক মার্কিন সফরের সময় “অমানবিক আচরণের” প্রতিবাদ করেছেন কিনা তা নিয়ে বিস্ময় প্রকাশ করেছেন। কেন্দ্রীয় সরকারের তীব্র সমালোচনা করে মমতা বন্দ্যোপাধ্যায় ভারতীয় নাগরিকদের নির্বাসনের বিষয়ে নীরবতা নিয়ে প্রশ্ন তোলেন। তাদের প্রত্যাবর্তনে মর্যাদার অভাবের নিন্দা করে জোর দিয়ে বলেন, কেন্দ্রের উচিত ছিল তাদের সম্মানের সাথে ফিরে আসা নিশ্চিত করা। মমতা বলেন, যারা দেশে ফিরে এসেছে তাদের শিকলে বেঁধে ফিরিয়ে আনা হয়েছে। কেন? বলা হচ্ছে, এটাই তাদের প্রটোকল। প্রধানমন্ত্রীর প্রতি শ্রদ্ধা রেখেই বলছি, আপনি যখন মার্কিন যুক্তরাষ্ট্রে উপস্থিত ছিলেন, তখনও তাদের একইভাবে ভারতে নিয়ে আসা হয়েছিল। প্রোটোকল বিভিন্ন দেশের জন্য আলাদা হতে পারে না। মানবতা সবার উপরে থাকা উচিত। কিন্তু আপনি (প্রধানমন্ত্রী)



কি এর বিন্দুমাত্র প্রতিবাদ করেছেন? মমতা বন্দ্যোপাধ্যায় “অমানবিক পরিস্থিতিতে” নির্বাসিতদের ভারতে ফেরত পাঠানো হয়েছিল তা নিয়ে উদ্বেগ প্রকাশ করে বলেন, এই জাতীয় আচরণ এড়ানো যেত।
আপনি (প্রধানমন্ত্রী) দায়িত্ব নিলে তারা সম্মানের সঙ্গে ফিরতে পারত। কিন্তু আপনি কোনো দায়িত্ব নেননি। হাতে-পায়ে শিকল দিয়ে বেঁধে ৪০ ঘন্টা ভ্রমণ করতে হয়েছে তাদের। এমনকি নারী ও শিশুরাও রেহাই পায়নি।
নির্বাসিতদের শিকলে বেঁধে ফিরিয়ে আনা ‘লজ্জাজনক’ উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন, কেন্দ্রীয় সরকারের উচিত ছিল তাঁদের ফিরিয়ে আনার জন্য পরিবহণ বিমানের ব্যবস্থা করা। তিনি বলেন, আপনি যখন আমেরিকায় ছিলেন (সরকারি সফরে), তখন অবৈধ অভিবাসীদের সেখান থেকে শিকলে বেঁধে বের করে আনা হয়। আপনি অন্তত বলতে পারতেন ‘তারা আমাদের নাগরিক, আমরা তাদের ফিরিয়ে নেব’। কিন্তু এমন কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। জাতীয় সুরক্ষা বা বিদেশনীতি নিয়ে মন্তব্য করতে অস্বীকার করলেও মুখ্যমন্ত্রী বলেন, কেন্দ্রীয় সরকার নিশ্চিত করতে পারত যে ভারতীয় নাগরিকদের সাথে সম্মানজনক আচরণ করা হবে। মমতা আরও বলেন, এরা বাংলার নয়, মহারাষ্ট্র, গুজরাট, পঞ্জাবের বাসিন্দা। আপনি বলতে পারতেন যে আমরা একটি ফ্লাইট পাঠাচ্ছি এবং আপনি (মার্কিন প্রেসিডেন্ট) সেই ফ্লাইটগুলিতে অবৈধ অভিবাসীদের ফেরত পাঠাতে পারেন। আপনি (প্রধানমন্ত্রী) যদি দায়িত্ব নিতেন তাহলে এই মানুষগুলো মর্যাদার সঙ্গে ফিরে আসতে পারতো। কিন্তু আপনি দায় নিলেন না। এত কিছুর পরও আমরা কিছু বলিনি। আমি এটা বলতাম না, কিন্তু আপনি আমাকে বাধ্য করেছেন।
উল্লেখ্য, আমেরিকা থেকে বেশ কিছু অবৈধ অভিবাসীকে শিকল বাঁধা অবস্থায় ভারতে নির্মমভাবে ফেরত পাঠানো হয়েছে বলে খবর প্রকাশের পরিপ্রেক্ষিতে তিনি এ মন্তব্য করেন। অন্যদিকে, এদিন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী তৃণমূল সরকারের সঙ্গে জঙ্গি-যোগের যে অভিযোগ তুলেছেন, তার বিরুদ্ধে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সরব হন। মুখ্যমন্ত্রী চ্যালেঞ্জ জানিয়ে বলেন, এই অভিযোগ প্রমাণ করতে পারলে মিনিটের মধ্যে পদত্যাগ করব। বিষয়টি নিয়ে তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গেও কথা বলবেন বলে জানান।
এদিন বিধানসভায় মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, আমি নাকি হিন্দু ধর্মকে তাচ্ছিল্য করি ? আমাকে শুনতে হবে যে, জম্মু কাশ্মীরের জঙ্গিদের সঙ্গে আমার সম্পর্ক। বাংলাদেশের জঙ্গিদের সঙ্গে থাকি? যদি প্রমাণ করতে পারেন, তাহলে আমি এক মুহূর্তে মুখ্যমন্ত্রীর চেয়ার ছেড়ে দেব। তিনি বলেন,“আমি প্রধানমন্ত্রীকেও এটা চিঠি লিখে জানাব যে, যদি টেরোরিস্টদের সঙ্গে আমার কোনও সম্পর্ক প্রমাণ করতে পারেন, তাহলে আমি মুখ্যমন্ত্রীর চেয়ার ছেড়ে চলে যাব । কোনও সম্পর্ক না-থাকলেও বলছেন টেরোরিস্টদের সঙ্গে সম্পর্ক আছে। এভাবে সন্ত্রাসবাদীদের সঙ্গে তুলনা করা হচ্ছে। এর থেকে মরে যাওয়া ভালো। উল্লেখ্য, গতকালই সাসপেন্ড হওয়ার পর শুভেন্দু অধিকারী শাসকদল ও মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে তোপ দেগে বলেছিলেন, এই সরকার বাংলাদেশের আনসারুল বাংলার সরকার। এই সরকার কাশ্মীরি জঙ্গি জাভেদ মুন্সির সরকার। এই সরকারের মুখ্যমন্ত্রী মুসলিম তোষণকারী, হিন্দুবিরোধী ও মুসলিম লিগ টু-এর সরকার।
অপরদিকে, মহাকুম্ভে একের পর এক দুর্ঘটনা, পদপিষ্ট হয়ে মৃত্যু নিয়ে বিরোধীদের আক্রমণ করতে ছাড়েননি মমতা। উত্তরপ্রদেশের প্রায়াগরাজে মহাকুম্ভ মেলাকে ‘মৃত্যুকুম্ভ’ বলে উল্লেখ করেন তৃণমূল সুপ্রিমো। বিধানসভায় বক্তৃতা দেওয়ার সময় তিনি বলেন, মহাকুম্ভ আমি নাই বা বললাম। ওটা এখন মৃত্যুকুম্ভ হয়ে গিয়েছে। মৃত্যুকূপের মতো। গত ১৩ জানুয়ারি উত্তরপ্রদেশের প্রয়াগরাজে মহাকুম্ভ মেলা শুরু হয়। সেখানে পদপিষ্ট হয়ে বহু মানুষের মৃত্যু হয়।

## যোগী রাজ্যে মাদ্রাসা বোর্ডের পরীক্ষায় সিসি টিভি, ওয়েব কাস্টিং ব্যবস্থা



**আপনজন ডেস্ক:** এ বছর উত্তরপ্রদেশ মাদ্রাসা বোর্ডের মৌলভি, মুন্সি এবং আলিম পরীক্ষা শুরু হয়েছে। এ ব্যাপারে উত্তরপ্রদেশ মাদ্রাসা বোর্ডের রেজিস্ট্রার আর.পি. সিং বলেন, রাজ্যের ৭১টি জেলায় মোট ৪৩৪টি পরীক্ষা কেন্দ্র স্থাপন করা হয়েছে, যেখানে পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হচ্ছে। রাজধানী লখনউয়ের ৬টি পরীক্ষা কেন্দ্রে প্রায় ২০০০ শিক্ষার্থী পরীক্ষা দিচ্ছে।
রেজিস্ট্রার আরপি সিং বলেন, এবার পরীক্ষার স্বচ্ছতা বজায় রাখতে সিসিটিভি ক্যামেরার মাধ্যমে নজরদারি করা হচ্ছে। রাজ্যের ১৫০টি পরীক্ষা কেন্দ্রকে ওয়েবকাস্টিংয়ের মাধ্যমে সরাসরি নিয়ন্ত্রণ কমান্ড রুমের সাথে সংযুক্ত করা হয়েছে যাতে পরীক্ষা কেন্দ্রগুলির তদারকি আরও কার্যকর হয়। এছাড়াও, প্রতিটি জেলায় ম্যাজিস্ট্রেট এবং শিক্ষা বিভাগের কর্মকর্তাদের মোতায়েন করা হয়েছে। পরীক্ষায় কোনও অনিয়ম না হওয়া নিশ্চিত করার জন্য ফ্লাইং স্কোয়াড এবং মোবাইল টিম নিয়মিতভাবে আকস্মিক পরিদর্শনও করছে। আরপি সিং বলেন, মহাকুম্ভের জন্য প্রয়াগরাজে বিশেষ ব্যবস্থা করা হয়েছে। পরীক্ষা কেন্দ্রে শিক্ষার্থীদের যাতে কোনও অসুবিধা না হয় সেজন্য অতিরিক্ত সুযোগ-সুবিধা প্রদান করা হচ্ছে। কেউ যদি পরীক্ষা কেন্দ্রে পৌঁছাতে দেরি করে, তাহলে তাকে অতিরিক্ত সময় দেওয়া হবে।

## মুখ্যমন্ত্রী বাড়ি ফেরার পথে হঠাৎ পরীক্ষাকেন্দ্র পরিদর্শনে গেলেন



**সুব্রত রায় ● কলকাতা**

**আপনজন:** চলছে মাধ্যমিক পরীক্ষা। এরমাঝে মঙ্গলবার বিধানসভা যাওয়ার পথে ভবানীপুর এলাকার ইউনাইটেড মিশনারিজ গার্লস হাইস্কুলে গেলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তখন স্কুলের ভিতরে চলছিল পরীক্ষা। তাই বাইরে অভিভাবকদের সঙ্গে কথা বলেন তিনি। শুভেচ্ছা বিনিময়ও করেন। সেইসঙ্গে পরীক্ষা কেমন হচ্ছে, পরীক্ষাকেন্দ্রে কোনও অসুবিধে হচ্ছে কিনা সেই খোঁজখবর নেন মমতা। এরপরেই স্কুলের শিক্ষক শিক্ষিকাদের সঙ্গেও কথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী জানান তাঁর ভাইঝিও এই স্কুল থেকে পাস করেছে স্কুলে অনেকদিন রং না হওয়ায় উষ্মাও প্রকাশ করতে দেখা গিয়েছে তাঁকে। এদিন ‘দিদি’কে দেখে বেশ আপ্লুত হন অভিভাবকেরা।
বলা বাহুল্য, এই প্রথম নয়। এরআগেও মাধ্যমিক পরীক্ষা চলাকালীন স্কুল ভিজিটে যান মুখ্যমন্ত্রী। সেইসঙ্গে দূর থেকে দেখে নেন ঠিক ঠাকভাবে পরীক্ষা চলছে কিনা। কথা বলেন স্কুল কর্তৃপক্ষের সঙ্গে। প্রতিবছরের মত এবারও দেখা গেল সেই একই চিত্র। উল্লেখ্য, এদিন বেলা ১টার কিছু পর বিধানসভা যাওয়ার জন্য বেরিয়েছিলেন মুখ্যমন্ত্রী। এরপর আচমকাই চলে যান ভবানীপুরের ইউনাইটেড মিশনারি গার্লস হাই স্কুলে। সেখানে গিয়ে অভিভাবকের সঙ্গে করলেন আলাপচারিতা। মমতা বলেন, আগে তো ৪০ নম্বরও পাওয়া কঠিন ছিল। এখন নম্বর তোলা অনেক বেশি সহজ হয়েছে। এখন তো ৮০, ৯০ গড়ে করে দেওয়া হয়েছে, যাতে হায়ার স্টাডিতে সব জায়গায় চান্স পায় ছেলেমেয়েরা। সিবিএসই, আইসিএসই বেশি নম্বর দিয়ে দেয়। এবার আমাদের ছেলেমেয়েরা যদি বেশি নম্বর না পায়, তাহলে তারা ন্যাশনাল কম্পিটিশনে কী করে যাবে? সেই জন্যই এটা করা হয়েছে। আমার অনেক শুভেচ্ছা রইল।
স্কুলের সামনে থাকা অভিভাবকদের বেশি চিন্তা করতে তিনি বারণ করেন। এরপর মুখ্যমন্ত্রীকে স্বাগত জানান স্কুলের প্রিন্সিপাল। তখনই স্কুল বিল্ডিং কেন রঙ করানো হয়নি তা নিয়ে প্রশ্ন তোলেন মমতা। সেই ইস্যুতে কর্তৃপক্ষকে পরামর্শ দেন, তাঁর বাড়ির অফিসে গিয়ে সাতদিনের মধ্যে এই ব্যাপারে চিঠি দিতে। তারপর তিনি সংস্কার নিয়ে পদক্ষেপ নেবেন।



১০০ বেডের ক্যাথল্যাবযুক্ত হসপিটাল
(GNM নার্সিং ও Paramedical কোর্সে ভর্তির সুযোগ)

অ্যাঞ্জিওপ্লাস্টি বেলুন সার্জারী পেশমেকার




ASHSHEEFA HOSPITAL

আশ শিফা হসপিটাল



অ্যাঞ্জিওগ্রাম

সহরার হাট ● ফলতা ● দক্ষিন ২৪ পরগণা

ডাঃ ফারুক উদ্দিন পুরকাইত (ডিরেক্টর)
MBBS, MD, Dip Card



ওপেন হার্ট সার্জারি



● হার্ট অ্যাটাক ও ব্রেন স্ট্রোকের অ্যাডভান্স ক্রিটিক্যাল কেয়ার ইউনিট (ICU)
● জেলার প্রথম ক্যাথল্যাব এবং হার্টের অপারেশন।
● শীঘ্রই খুলিতেছে ওপেন হার্ট সার্জারি (CTVS) বিভাগ।

6295 122 937 / 9123721642
স্বাস্থ্যসাথী কার্ড গ্রহনযোগ্য



Al-Ameen

আল-আমীন
মিশন সাঁতরাগাছি সার্কেল

নয়াবাজ, সাঁতরাগাছি, অঙ্কুরহাটি এবং উনসানী

আবাসিক শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মী চাই

একাদশ/দ্বাদশ শ্রেণির জন্য পদার্থবিদ্যা, রসায়ন, গণিত ও জীববিদ্যা বিষয়ে স্নাতক/ স্নাতকোত্তর আবাসিক শিক্ষক-শিক্ষিকা চাই।
এছাড়াও ■ অ্যাকাডেমিক কো-অর্ডিনেটর (পুরুষ ও মহিলা), ■ হোস্টেল / ফ্লোর ওয়ার্ডেন ■ ইমাম (পুরুষ ও মহিলা) ■ ডাটা এন্ট্রি অপারেটর কাম অফিস অ্যাসিস্ট্যান্ট ■ ক্যাশিয়ার কাম অফিস অ্যাসিস্ট্যান্ট ■ ডাইনিং এবং মেস ম্যানেজার ■ ফিজিক্যাল ট্রেনার ■ নার্স (পুরুষ ও মহিলা) নিয়োগ করা হবে। আবেদনের জন্য ৫ মার্চ ২০২৫-এর মধ্যে নীচের গুগল লিঙ্কটি ফিলাপ করুন।

https://forms.gle/rqG4FJLyHYC6is5eA

Scan & Apply

পুরণ করা ফর্মের ভিত্তিতে মার্চের দ্বিতীয় সপ্তাহে ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

## প্রথম নজর

# ইরানি তরুণী হোসনা সালিমি বর্ষসেরা গবেষক




**আপনজন ডেস্ক:** ‘ব্রিকস অ্যান্ড এসসিও ইয়ং লিডারস অ্যাওয়ার্ড’- এ ইরানি নারী হোসনা সালিমি বর্ষসেরা তরুণ গবেষকের খেতাব জিতেছেন।
এএমএফ-এর ষষ্ঠ ইন্টার্নশিপ প্রোগ্রামের প্রশিক্ষণার্থী হোসনা সালিমি ফোরাম কর্তৃক প্রতিযোগিতার জন্য মনোনীত হন। বৈজ্ঞানিক ও গবেষণামূলক কর্মকাণ্ডের জন্য তিনি এই পুরস্কার লাভ করেছেন। ২৬ জানুয়ারি রাশিয়ার কাজান শহরে অনুষ্ঠিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ভারত, ইরান, চীন, মিশর, কাজাখস্তান, কিরগিজস্তান, পাকিস্তান, উজবেকিস্তান, দক্ষিণ আফ্রিকা এবং রাশিয়ার প্রতিনিধিরা মিডিয়া ইনফ্লুয়েন্সার, সোশ্যাল এন্টারপ্রেনার, পাবলিক ডিপ্লোমেসি, ইয়াং রিসার্চার এবং ইকো-ইনিশিয়েটিভস সহ বিভিন্ন বিভাগে স্বীকৃতি পান।

# নকল তুষার বানিয়ে পর্যটক আকর্ষণের চেষ্টা, ক্ষমা চাইল চিনের এক পর্যটন কেন্দ্র



**আপনজন ডেস্ক:** তুলা এবং সাবান পানি দিয়ে তুষার তৈরি করার জন্য ক্ষমা চেয়েছে চীনের একটি পর্যটন কেন্দ্র এবং সাময়িকভাবে পর্যটন কেন্দ্রটি বন্ধও করে দেওয়া হয়েছে। দক্ষিণ-পশ্চিম সিচুয়ান প্রদেশের চেংডু শহরতলিতে নতুন খোলা পর্যটন অঞ্চল চেংডু স্নো ভিলেজ ৮ ফেব্রুয়ারি কৃত্রিম তুষারপাতের জন্য ক্ষমা চেয়েছে।
প্রত্যাশা অনুযায়ী তুষারপাত না হওয়ায় দর্শনার্থীদের আকর্ষণ করার জন্য তারা এই কাণ্ড ঘটায়। সাংহাই মর্নিং পোস্ট তাদের প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে। জানুয়ারির শেষের দিকে এই পর্যটন কেন্দ্রটি খোলা হয়।
দর্শনার্থীরা অভিযোগ করেছেন, ছোট ছোট ঘর বা কুটিরের ওপর স্তূপীকৃত তুষার এবং বনের পথে ছড়িয়ে থাকা তুষার আসলে সাবান জলে মিশ্রিত তুলা ছিল।
সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে একটি ভিডিওতে একজন পর্যটক বলেছেন, ‘আমি প্রতারিত বোধ করছি। আমার মনে হয় আমার বুদ্ধিমত্তাকে অপমান করা হয়েছে!’ আরেকজন ক্ষুব্ধ দর্শনার্থী লিখেছেন, ‘টিকিটে বর্ণনা সত্য, কিন্তু তুষার ভুয়া ছিল।
আরেকজন যোগ করেছেন, ‘আমি তুষার দেখতে চেয়েছিলাম, কিন্তু আমাকে তুলা
পর্যটন স্থানের ব্যবস্থাপনা অফিসের একজন কর্মী স্বীকারও করেছেন তুষার তুলা দিয়ে তৈরি এবং জনসাধারণের তীব্র প্রতিক্রিয়ার পর এটি পরিষ্কার করা হয়েছে। এক কর্মী বলেছেন, ‘অতীতে প্রতি শীতকালে তুষারপাত হত। তাই আমরা এই এলাকাটিকে পর্যটন কেন্দ্র বানিয়েছি এবং এটি খোলার আগে ব্যাপকভাবে প্রচার চালিয়েছি।’ তিনি আরো বলেন, ‘আমরা তুষারপাতের অপেক্ষায় ছিলাম। দুর্ভাগ্যবশত আবহাওয়া আমাদের পক্ষে ছিল না।’ নকল তুষারপাতের জন্য বড় ধরনের নেতিবাচক প্রভাব পড়ায় পর্যটন স্থানটি বন্ধ হয়ে গেছে। এটি আবার কখন খুলবে তা জানা যায়নি।’
পর্যটন অঞ্চলের কম্পানিটি এক বিবৃতিতে বলেছে, ‘তারা তুষারময় পরিবেশ তৈরি করার জন্য তুলা কিনেছে। কিন্তু প্রত্যাশিত ফলাফল অর্জন করতে পারেনি, বরং পর্যটকদের মধ্যে একটি খারাপ ধারণা তৈরি হয়েছে।’
বিবৃতিতে আরো বলা হয়েছে, ‘আসল তুষারের দৃশ্য প্রদর্শন করতে না পারায় এবং দর্শনার্থীরা তাদের ভ্রমণ পরিকল্পনা পরিবর্তন করতে বাধ্য হওয়ায় আমরা আন্তরিকভাবে দুঃখিত।’

# ট্রাম্পের গাজা পরিকল্পনা প্রত্যাখ্যান করলেন মার্কিন রিপাবলিকান সিনেটররা



**আপনজন ডেস্ক:** মার্কিন রিপাবলিকান সিনেটর লিন্ডসে গ্রাহাম সোমবার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের গাজা দখল এবং ফিলিস্তিনিদের জোরপূর্বক তাড়িয়ে দেয়ার প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন, অন্যদিকে ডেমোক্র্যাট সিনেটর রিচার্ড ব্লুমেন্থাল বলেছেন যে, তিনি আশা করেন আরব রাষ্ট্রগুলি একটি কার্যকর বিকল্প উপস্থাপন করবে।
তেল আবিবে ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর সাথে সাক্ষাৎ করা দ্বিদলীয় মার্কিন সিনেটরদের প্রতিনিধি দলের সদস্য ছিলেন এই আইনপ্রণেতারা।
রোববার নেতানিয়াহু গাজার জন্য ট্রাম্পের বিতর্কিত পরিকল্পনার প্রতি তার সমর্থন পুনর্ব্যক্ত করেন।
ইসরাইলের প্রতিরক্ষামন্ত্রী ইসরাইল কার্টজ সেনাবাহিনীকে নির্দেশ দিয়েছেন, যাতে তারা এমন পরিকল্পনা করেন, যার মাধ্যমে গাজার ফিলিস্তিনিরা স্বেচ্ছায় দেশত্যাগ করে।
ট্রাম্পের ঘনিষ্ঠ মিত্র ও কংগ্রেসের পররাষ্ট্রনীতি এবং জাতীয় নিরাপত্তা বিষয়ে প্রভাবশালী রিপাবলিকান নেতা গ্রাহাম সাংবাদিকদের বলেন, যে কোনও উপায়ে আমেরিকা গাজা দখল করবে-সিনেটের এমন আগ্রহ নেই। আর ব্লুমেনথাল ট্রাম্পের পরিকল্পনাকে ‘অসম্ভব’ বলে সরাসরি খারিজ করেছেন। ট্রাম্পের এই প্রস্তাবকে আরব কর্মকর্তারা ব্যাপকভাবে নিন্দা করেছেন।
অনেক সমালোচক একে ‘জাতিগত নিধন’ বলেও বর্ণনা করেছেন।
গ্রাহাম বলেন, ট্রাম্পের পরিকল্পনার কারণে আরব রাষ্ট্রগুলো গাজার জন্য একটি ভালো বিকল্প খুঁজতে বাধ্য হবে। গাজার ভবিষ্যৎ নিয়ে আলোচনার জন্য এই মাসেই বৈঠকে বসতে পারেন সউদী আরব, সংযুক্ত আরব আমিরাত, জর্ডান ও মিসরের কর্মকর্তারা।
তারা ট্রাম্পের প্রস্তাবের বিকল্প একটি পরিকল্পনা তৈরি করতে চায়, যা ১৬ মাসের গাজা যুদ্ধের পর আরব বিশ্বের বেশিরভাগ রাজধানীতেই উত্তেজনা তৈরি করেছে। ব্লুমেন্থাল বলেছেন, জর্ডানের রাজা আবদুল্লাহ তাকে বোঝাতে পেরেছেন যে আরব রাষ্ট্রগুলি ইসরাইলের সাথে সম্পর্ক স্বাভাবিককরণ, ফিলিস্তিনিদের আত্মনিয়ন্ত্রণ, আঞ্চলিক প্রতিরক্ষা ব্যবস্থা এবং ইসরাইলের নিরাপত্তার বিষয়গুলি অন্তর্ভুক্ত করে এমন একটি পরিকল্পনা উপস্থাপন করবে। “যদি এই উপাদানগুলি একটি বাস্তবসম্মত পরিকল্পনার অংশ হয়, তবে এটি এই অঞ্চলের জন্য একটি গেম চেঞ্জার হতে পারে,” তিনি বলেন।

# সুদানে তিন দিনে আধাসামরিক বাহিনীর হামলায় নিহত ২০০



**আপনজন ডেস্ক:** মঙ্গলবার যুদ্ধ পর্যবেক্ষণকারী একটি আইনজীবী গোষ্ঠী জানিয়েছে, সুদানের দক্ষিণাঞ্চলীয় গ্রামগুলিতে তিন দিনের হামলায় নারী ও শিশুসহ ২০০ জনেরও বেশি মানুষ নিহত হয়েছে।
নিয়মিত সেনাবাহিনীর সাথে প্রায় দুই বছর ধরে যুদ্ধরত আধাসামরিক বাহিনী র‍্যাপিড সাপোর্ট ফোর্সেস (আরএসএফ) হোয়াইট নাইল রাজ্যের আল-কাদারিস এবং আল-খেলওয়াত গ্রামে নিরস্ত্র বেসামরিক নাগরিকদের ওপর আক্রমণ করেছে।
অধিকার লঙ্ঘনের নথিভুক্তকারী ইমার্জেন্সি লয়ার্স গ্রুপটি জানিয়েছে। এতে আরও বলা হয়েছে, শনিবার থেকে আক্রমণের সময় আরএসএফ মৃত্যুদণ্ড কার্যকর, অপহরণ, জোরপূর্বক গুম এবং সম্পত্তি লুট করেছে। যার ফলে স্থানীয় শত শত মানুষ আহত বা নিখোঁজ হয়েছেন।
আইনজীবীদের গোষ্ঠীর মতে, নীল নদ পার হয়ে পালানোর চেষ্টা করার সময় কিছু বাসিন্দাকে গুলি করা হয়েছিল। এর ফলে কিছু বাসিন্দা ডুবে মারা গেছেন। আইনজীবীরা গ্রামবাসীদের উপর আক্রমণকে “গণহত্যা” বলে অভিহিত করেছেন।
২০২৩ সালের এপ্রিল থেকে সুদান সেনাপ্রধান আবদেল ফাত্তাহ আল-বুরহান এবং তার সাবেক ডেপুটি আরএসএফ কমান্ডার মোহাম্মদ হামদান দাগালোর বাহিনীর মধ্যে এক নৃশংস সংঘর্ষে জড়িয়ে পড়েছে।
উভয় পক্ষের বিরুদ্ধে নির্যাতন এবং যুদ্ধাপরাধের অভিযোগ আনা হয়েছে। যুদ্ধে লক্ষ লক্ষ মানুষ নিহত হয়েছে। ১ কোটি ২০ লক্ষেরও বেশি লোক বাস্তুচ্যুত হয়েছে। আন্তর্জাতিক উদ্ধার কমিটি একে সবচেয়ে বড় মানবিক সংকট বলে অভিহিত করেছে।

## ছড়িয়ে-ছিটিয়ে

# চাপের মুখে গাজায় পুনর্গঠন সামগ্রী প্রবেশ করতে দিচ্ছে ইসরাইল



**আপনজন ডেস্ক:** যুদ্ধবিরতির চুক্তি অনুযায়ী অনুমতি থাকার পরও রাফাহ সীমান্তে পুনর্গঠন সামগ্রী প্রবেশ করতে দেয়নি ইসরাইল। এ নিয়ে তীব্র নিন্দার ঝড় উঠে। এমন আবহে ফিলিস্তিনি প্রতিরোধ আন্দালেন হামাস জানায়, তারা জিম্মি মুক্তি থেকে সরে আসবে। ফলে যুদ্ধবিরতি ঠিকবে কি না তা নিয়ে শঙ্কা তৈরি হয়।
অবশেষে চাপের মুখে পড়ে গাজায় পুনর্গঠন সামগ্রী প্রবেশ করতে দিচ্ছে ইসরাইল। মঙ্গলবার (১৮ ফেব্রুয়ারি) এক প্রতিবেদনে এ খবর দিয়েছে টাইমস অব ইসরাইল।
সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া ছবি ও ভিডিওতে দেখা গেছে, ইসরাইলের অনুমতির অপেক্ষায় গাজায় ধ্বংসস্তূপ সরানোর কাজে ব্যবহারের জন্য পাঠানো বুলডোজার, রোড রোলার এবং কারাভানবাহী ট্রাকগুলো দুই সপ্তাহ ধরে রাফাহ সীমান্তে আটকে রয়েছে।
চুক্তি অনুযায়ী, প্রথম ধাপে ৬০,০০০ অস্থায়ী ঘর ও ২,০০,০০০ তাঁবু প্রবেশের অনুমতি দেওয়ার কথা ছিল, যা ১ মার্চের মধ্যে শেষ হওয়ার কথা। একইসঙ্গে ধ্বংসাবশেষ সরানোর জন্য নির্দিষ্ট পরিমাণ সরঞ্জাম প্রবেশের অনুমতি দেওয়ারও কথা ছিল।
একজন ইসরাইলি কর্মকর্তার মতে, ইসরাইল গাজায় মোবাইল হোম এবং ভারী নির্মাণ যন্ত্রপাতি প্রবেশে অনুমতি দিবে, যা ৬ জন জীবিত জিম্মির মুক্তির প্রক্রিয়া ত্বরান্বিত করতে সহায়ক হবে।
টাইমস অব ইসরাইলকে ওই কর্মকর্তা জানিয়েছেন, প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ৬ জন জীবিত জিম্মির মুক্তির জন্য ব্যাপক চেষ্টা চালাচ্ছেন, যা যুদ্ধবিরতির চুক্তির প্রথম পর্যায়ের অংশ। এছাড়াও চারজন মৃত জিম্মির মরদেহ ফিরিয়ে আনারও চেষ্টা চলছে।
তিনি আরও বলেন, চুক্তি অনুসারে, ইসরাইল কঠোর পরিদর্শনের পর গাজায় মোবাইল হোম এবং নির্মাণ যন্ত্রপাতি প্রবেশে সম্মত হয়েছে। চুক্তির শর্ত মেনে চললে এবং হামাস চুক্তি পালন করলে, ইসরাইল এই প্রক্রিয়া ধীরে ধীরে শুরু করবে।
চুক্তি অনুযায়ী, হামাস বৃহস্পতিবারে চারটি মৃত জিম্মির মরদেহ এবং শনিবারে তিনজন জীবিত জিম্মি মুক্তি দিবে।

# আমেরিকা-রাশিয়া যখন আলোচনায়, জেলেনস্কি তখন এরদোগানের প্রাসাদে



**আপনজন ডেস্ক:** সৌদি আরবের রিয়াদে ইউক্রেন যুদ্ধ বন্ধে যখন বৈঠক করেছে যুক্তরাষ্ট্র ও রাশিয়া, ঠিক একই সময়ে তুরস্ক সফরে গেছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। সেখানে দেশটির প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগানের সঙ্গে সাক্ষাৎ করেছেন তিনি।
মঙ্গলবার (১৮ ফেব্রুয়ারি) এই দুই নেতার মধ্যে বৈঠক হয়েছে। বৈঠকে তুরস্কের শীর্ষ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
গতকাল সোমবার সংযুক্ত আরব আমিরাত থেকে তুরস্কে পৌঁছান জেলেনস্কি। বার্তা আদান-প্রদানের অ্যাপ টেলিগ্রামে তিনি জানান, এরদোগানের সঙ্গে আলোচনায় বন্দী বিনিময়সহ অন্যান্য বিষয়ে কথা বলবেন তিনি।
আর এরদোগানের সহযোগী ফারহেত্তিন আলতুন বলেছেন, দুই দেশের মধ্যে ‘সহযোগিতা’ আরও জোরদারের লক্ষ্যে এ আলোচনা হবে।
তুরস্ক পশ্চিমা সামরিক জোট ন্যাটোর সদস্য। রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধে ইউক্রেনকে ড্রোন সরবরাহ করেছে আঙ্কারা। তবে পশ্চিমাদের নেতৃত্বে মস্কোর ওপর নিষেধাজ্ঞা দেওয়া থেকে দূরে থেকেছে তারা।
এছাড়া রাশিয়া ও ইউক্রেনের মধ্যে বন্দী বিনিময়ের ক্ষেত্রে সৌদি আরব ও সংযুক্ত আরব আমিরাতের পাশাপাশি ভূমিকা রেখেছে তুরস্ক।
এরদোগানের সঙ্গে জেলেনস্কির বৈঠক অনুষ্ঠিত হয় রাজধানী আঙ্কারার প্রেসিডেন্ট প্রাসাদে। এর কয়েক ঘণ্টা আগে সৌদি আরবের রিয়াদে বৈঠক শুরু করেছে যুক্তরাষ্ট্র এবং রাশিয়া।
যুদ্ধে ক্ষতিগ্রস্ত ইউক্রেনকে ছাড়াই যুক্তরাষ্ট্র এবং রাশিয়ার কর্মকর্তারা এই বৈঠকে অংশ নিয়েছেন।
এদিকে আজ ক্রেমলিন বলেছে, রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন প্রয়োজন হলে জেলেনস্কির সঙ্গে বৈঠকের জন্য প্রস্তুত বলে জানিয়েছে ক্রেমলিন।
রিয়াদের বৈঠকে দুই পক্ষের নেতৃত্ব দিয়েছেন রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই লাভরভ ও যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও।
বৈঠকে রাশিয়ার পক্ষে পররাষ্ট্রমন্ত্রী লাভরভ ছাড়াও দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের পররাষ্ট্রনীতিবিষয়ক উপদেষ্টা ইউরি উশাকোভ রয়েছেন। তিনি একসময় যুক্তরাষ্ট্রে রাশিয়ার রাষ্ট্রদূতের দায়িত্ব পালন করেছেন।
আর ৭২ বছর বয়সী সের্গেই লাভরভ দুই দশকের বেশি সময় ধরে আন্তর্জাতিক অঙ্গনে রাশিয়ার প্রতিনিধিত্ব করছেন।
অপর দিকে বৈঠকে যুক্তরাষ্ট্রের পক্ষে পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও ছাড়াও জাতীয় নিরাপত্তা উপদেষ্টা মাইক ওয়াল্টজ এবং যুক্তরাষ্ট্রের মধ্যপ্রাচ্যবিষয়ক দূত স্টিভ উইটকফ উপস্থিত রয়েছেন।
আলোচনার টেবিলে আয়োজক দেশ সৌদি আরবের পক্ষে উপস্থিত ছিলেন দেশটির পররাষ্ট্রমন্ত্রী প্রিন্স ফয়সাল বিন ফারহান আল-সৌদ এবং জাতীয় নিরাপত্তা উপদেষ্টা মুসায়েদ বিন মোহাম্মদ আল-আইবান।

# যে কারণে অভিশংসনের মুখে আর্জেন্টিনার প্রেসিডেন্ট



**আপনজন ডেস্ক:** আর্জেন্টিনার প্রেসিডেন্ট জাভিয়ের মিলেই সোশ্যাল মিডিয়ায় ক্রিপ্টোকারেন্সির প্রচারণার জন্য অভিশংসনের আহ্বান এবং জালিয়াতির অভিযোগে আইনি পদক্ষেপের মুখোমুখি হচ্ছেন। শুক্রবার সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে পোস্ট করে মিলেই লিবরা কয়েনের কথা উল্লেখ করেন। তিনি বলেছিলেন, ছোট ব্যবসা ও স্টার্টআপগুলোকে অর্থায়নে সহায়তা করবে। এটি কেনার জন্য তিনি একটি লিংক শেয়ার করেছিলেন, যার ফলে এর দাম বেড়ে যায়। কিন্তু কয়েক ঘণ্টার মধ্যেই তিনি তার পোস্টটি মুছে ফেলেন এবং ক্রিপ্টোকারেন্সির মূল্য হ্রাস পায়। অন্যদিকে বিনিয়োগকারীদের বেশির ভাগ অর্থ হারিয়ে যায়। কংগ্রেসের কিছু বিরোধী সদস্য বলেছেন, তারা মিলেইকে অভিশংসনের জন্য সব প্রক্রিয়া শুরু করার পরিকল্পনা করছেন। এদিকে, আইনজীবীরা গত রবিবার আর্জেন্টিনার ফৌজদারি আদালতে জালিয়াতির অভিযোগ দায়ের করেছেন। অনলাইনে কিছু মানুষ মিলেইকে ‘রাগ পুল’ নামে পরিচিত একটি অপরাধের জন্য অভিযুক্ত করেছেন, যেখানে ক্রিপ্টোকারেন্সির প্রবর্তকরা ক্রেতাদের আকর্ষণ করে শুধু ট্রেডিং কার্যক্রম বন্ধ করে এবং বিক্রয় থেকে সংগৃহীত অর্থ আত্মসাৎ করে।
অনলাইনে কিছু ব্যবহারকারী উল্লেখ করেছেন, কয়েন কেনার জন্য ব্যবহৃত লিংকটি প্রেসিডেন্ট তার বক্তৃতার একটি বাক্যাংশকে উল্লেখ করেছে। কিন্তু আর্জেন্টিনার প্রেসিডেন্টর কার্যালয় শনিবার জানিয়েছে, ক্রিপ্টোকারেন্সি চালু হওয়ার পর জনসাধারণের প্রতিক্রিয়ার পর ‘জল্পনা’ এড়াতে পোস্টটি সরিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এতে বলা হয়েছে, মিলেই ক্রিপ্টোকারেন্সির উন্নয়নে জড়িত ছিলেন না এবং সরকারের দুর্নীতিবিরোধী অফিস তদন্ত করে নির্ধারণ করবে যে কেউ অসদাচরণ করেছে কি না, এর মধ্যে প্রেসিডেন্ট নিজেও রয়েছেন। আইনি মামলা দায়েরকারী অন্যতম বাদী জোনাটান বালদিভিয়েজো অ্যাসোসিয়েটেড প্রেসকে বলেছেন, ‘জালিয়াতির অপরাধ সংঘটিত হয়েছে, যেখানে প্রেসিডেন্টের পদক্ষেপ অপরিহার্য ছিল।’ মিলেইয়ের রাজনৈতিক বিরোধীরা সুযোগটি কাজে লাগিয়েছেন। সাবেক প্রেসিডেন্ট ক্রিস্টিনা ফার্নান্দেজ ডি কির্চনার এ ঘটনার তীব্র সমালোচনা করে তাকে ‘ক্রিপ্টো স্ক্যামার’ বলে অভিহিত করেছেন। ওই পোস্টটির ৬.৪ মিলিয়ন ভিউ হয়েছে।

## সেহেরী ও ইফতারের সময়

সেহেরী শেষ: ভোর ৪.৪৩মি.
ইফতার: সন্ধ্যা ৫.৪০মি.



## নামাজের সময় সূচি

| ওয়াক্ত | শুরু | শেষ |
|---|---|---|
| ফজর | ৪.৪৩ | ৬.০৫ |
| যোহর | ১১.৫৫ | |
| আসর | ৩.৫৮ | |
| মাগরিব | ৫.৪০ | |
| এশা | ৬.৫১ | |
| তাহাজ্জুদ | ১১.১২ | |

# বলিভিয়ায় সড়ক থেকে ৮০০ মিটার নিচে পড়ল বাস, নিহত অন্তত ৩০



**আপনজন ডেস্ক:** বলিভিয়ার একটি পাহাড়ি সড়কে বাস দুর্ঘটনায় ৩০ জনেরও বেশি মানুষ নিহত হয়েছেন বলে পুলিশ জানিয়েছে। বলিভিয়ার রাস্তাঘাট অত্যন্ত বিপজ্জনক, বিশেষ করে পাহাড়ি এলাকা। স্থানীয় হাসপাতালের একজন কর্মকর্তা একটি ভিডিওতে জানিয়েছেন, এ ঘটনায় চার শিশুসহ চৌদ্দজন আহত হয়েছেন। একজন কর্মকর্তা জানিয়েছেন, চালক সম্ভবত নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেছিলেন, যার ফলে গাড়িটি প্রায় ৮০০ মিটার (২৬২৫ ফুট) নিচে পড়ে যায়।

# ইউক্রেন নিয়ে সৌদি আরবে আমেরিকা-রাশিয়া বৈঠক



**আপনজন ডেস্ক:** ইউক্রেন-রাশিয়া যুদ্ধ বন্ধের উপায় নিয়ে সৌদি আরবের রাজধানী রিয়াদে আলোচনা শুরু করেছে যুক্তরাষ্ট্র ও রাশিয়া।
যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও ও রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভ আলোচনায় অংশ নিচ্ছেন। মার্কিন প্রশাসনের আরো কয়েকজন গুরুত্বপূর্ণ কর্মকর্তাও আছেন আলোচনার টেবিলে।
তবে ইউক্রেনের পক্ষে কাউকে এই আলোচনায় দেখা যায়নি।
মার্কিন কর্মকর্তারা জানিয়েছেন, এই বৈঠকের মানে যুদ্ধ বন্ধের আলোচনা শুরু নয়। বরং যুক্তরাষ্ট্র দেখতে চায় যুদ্ধের ইতি টানার বিষয়ে রাশিয়া কতটা আন্তরিক।
এদিকে রাশিয়া বলছে, এই বৈঠক হলো যুক্তরাষ্ট্রের সাথে সম্পর্ক স্বাভাবিক করার একটি প্রক্রিয়া।
যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের মধ্যে বৈঠকের প্রস্তুতি হিসেবেও বিবেচনা করা হচ্ছে এই আলোচনাকে।
এদিকে, যুক্তরাষ্ট্র ও রাশিয়ার এই বৈঠকের ঘোষণা আসার পরই ইউরোপীয় নেতারা প্যারিসে পৃথক এক বৈঠক করেছেন। সেখানে ব্রিটেনের প্রধানমন্ত্রী স্যার কিয়ের স্টারমার বলেছেন, ইউক্রেন যুদ্ধ শেষ হওয়ার পর দরকার হলে তিনি দেশটিতে সেনা পাঠাতে রাজি আছেন।
তবে জার্মানি এই প্রস্তাবকে ‘অসঙ্গত’ বলে উল্লেখ করেছে।

# ট্রাম্পের গাজা দখলের পরিকল্পনা বাস্তবায়ন করবেন নেতানিয়াহু



**আপনজন ডেস্ক:** মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের গাজা দখলের পরিকল্পনা বাস্তবায়নে ইসরায়েল প্রতিশ্রুতিবদ্ধ বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। তিনি বলেছেন, ফিলিস্তিনি বাসিন্দাদের অন্যত্র সরিয়ে গাজা উপত্যকা নিয়ন্ত্রণে নিতে চান মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। একটি ভিন্ন গাজা গড়ার বিষয়ে মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পের পরিকল্পনা নিয়ে আমি প্রতিশ্রুতিবদ্ধ। সোমবার এক বিবৃতিতে নেতানিয়াহু এ কথা বলেন। খবর আলজাজিরার।
এক বিবৃতিতে তিনি বলেন, ১৫ মাসের যুদ্ধ শেষে গাজা উপত্যকার নিয়ন্ত্রণ হামাস বা ফিলিস্তিনি কর্তৃপক্ষ—কারো হাতেই থাকবে না। এই যুদ্ধে এরই মধ্যে ৪৮ হাজারের বেশি ফিলিস্তিনি নিহত হয়েছেন। সেখানে চরম মানবিক সংকট দেখা দিয়েছে।
জেরুজালেমে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিওর সঙ্গে এক বৈঠকে গাজার ভবিষ্যৎ নিয়ে ‘ট্রাম্পের সাহসী দৃষ্টিভঙ্গির’ প্রশংসা করার এক দিন পর নেতানিয়াহু এমন মন্তব্য করলেন।
ফিলিস্তিনের স্বাধীনতাকামী সশস্ত্র সংগঠন হামাস নিয়ন্ত্রিত গাজা পুরোপুরি দখলের পরিকল্পনার কথা জানিয়েছিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সেই সঙ্গে তিনি গাজা থেকে ফিলিস্তিনিদের মিসর, জর্দানসহ আরব দেশগুলোতে পাঠানোর কথাও ব্যক্ত করেন।

# পরমাণু কর্মসূচি চালিয়ে যাওয়ার ঘোষণা ইরানের



**আপনজন ডেস্ক:** যুক্তরাষ্ট্র ও ইসরাইলের হুমকি উপেক্ষা করে ইরান পরমাণু কর্মসূচি চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছে। শিগগিরই ইরানের পারমাণবিক স্থাপনায় হামলা চালাতে পারে ইসরায়েল- এই গুঞ্জনের মধ্যে ইসরায়েলে ভারী বোমা পাঠিয়েছে যুক্তরাষ্ট্র। ঠিক এমন অবস্থায় ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘায়ি জানালেন, অন্যদের হুমকি দেওয়া আন্তর্জাতিক আইন ও জাতিসংঘ সনদের চরম লঙ্ঘন।
জেরুজালেমে সফররত মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিওর সঙ্গে রবিবার এক যৌথ সংবাদ সম্মেলনে ইসরায়েলের বেনিয়ামিন নেতানিয়াহু বলেন, এ অঞ্চলের প্রতিটি সন্ত্রাসী গোষ্ঠীর পেছনে ইরান রয়েছে এবং কখনোই পরমাণু শক্তিধর হতে পারবে না ইরান। একই ধরণের মত দেন রুবিও।
মার্কিন পররাষ্ট্রমন্ত্রীর বক্তব্যের নিন্দা জানিয়ে ইসমাইল বাঘায়ি জানান, আপনি একদিকে ইরানকে হুমকি দিতে পারেন না এবং অন্যদিকে সংলাপকে সমর্থন করার দাবি করতে পারেন না। বাঘাই বলেন, ইরান তার পরমাণু কর্মসূচি রক্ষা করবে এবং তা অব্যাহত রাখতে দ্বিধা করবে না। ইরানের শান্তিপূর্ণ পরমাণু কর্মসূচি চলছে। গত তিন দশক ধরে পরমাণু অস্ত্রের বিস্তার রোধ চুক্তির সদস্য হিসেবে ইরানের অধিকারের ওপর ভিত্তি করে চলে আসছি আমরা। নিশ্চয়ই আমরা কোনো দুর্বলতা দেখাব না এ ব্যাপারে।

আপনজন

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

২০ বর্ষ, ৪৯ সংখ্যা, ৬ ফাল্গুন ১৪৩১, ২০ শাবান ১৪৪৬ হিজরি

## ক্ষতিকর ট্রান্সফ্যাট

'এই সুন্দর পৃথিবী ছেড়ে চলে যেতে মন নাহি চায়'—এই জনপ্রিয় গানটি লিখিয়াছিলেন গৌরীপ্রসন্ন মজুমদার আর অসম্ভব দরদি কণ্ঠে গাহিয়াছিলেন শ্যামল মিত্র। এই গানের মধ্যে পৃথিবীর অপরূপ সৌন্দর্য আস্বাদন করিবার এক অপার ব্যাকুলতা ফুটিয়া উঠিয়াছে। একটু ভাবিয়া দেখিলে বুঝা যায়, পৃথিবীর সকল বিচক্ষণ মানুষের মধ্যেই এই আকুলতা রহিয়াছে। ঐ গানটির লেখক ও গায়ক—কেহই এই পৃথিবীতে আজ নাই। এখন আমরা যাহারা আছি, তাহারাও একদিন পৃথিবীর মায়া ত্যাগ করিব। এই বিবেচনায় বিদ্বজ্জনেরা মনে করেন, যাহার আয়ু অধিক তিনিই তত অধিক এই পৃথিবীর রূপ-রস উপভোগ করিতে পারিবেন। অপর দিকে যাহার যত আয়ু অধিক অবশিষ্ট রহিয়াছে, তিনিই তত অধিক ধনী। এখন এক জন অল্পবয়সি মানুষের আয়ু অধিক অবশিষ্ট রহিয়াছে, ইহা ভাবিবার কোনো কারণ নাই। প্রকৃতপক্ষে, তুলনামূলক স্বাস্থ্যসম্মত জীবন যাপন করিলে একজন মানুষ অনেক অধিক আয়ুষ্মান হইয়া থাকে। আর এই স্বাস্থ্যসম্মত জীবনযাপনের মধ্যে সবচাইতে গুরুত্বপূর্ণ খাদ্যাভ্যাস। প্রকৃত অর্থে, খাবার হইল শরীরের জ্বালানি। সেই জ্বালানিতে যদি সমস্যা থাকে, তাহা হইলে মানুষের শরীর নামক ইঞ্জিনে সমস্যা দেখা দিবেই।

জরিপে দেখা গিয়াছে, দক্ষিণ এশিয়ার স্বল্প ও মধ্যম আয়ের দেশগুলিতে করোনারি হৃদেরাগের কারণে তিন-চতুর্থাংশ মৃত্যুর ঘটনা ঘটিয়া থাকে। ইতিপূর্বে প্রকাশিত একটি পরিসংখ্যানে বলা হইয়াছে, তরুণ ও মধ্যবয়স্কদের মধ্যে হার্ট অ্যাটাকের হার প্রতি বত্সরে ২ শতাংশ করিয়া বাড়িতেছে। চিকিত্সকদের মতে, অন্যান্য বেশ কিছু কারণসহ অস্বাস্থ্যকর খাবার, বিশেষ করিয়া ট্রান্সফ্যাটযুক্ত খাবার তরুণদের মধ্যে হার্ট অ্যাটাকের প্রবণতা দিনদিন বাড়াইয়া তুলিতেছে। খাবারের ট্রান্সফ্যাট হইল এক কথায় ক্ষতিকর চর্বিজাতীয় খাবার। ইহা রক্তের 'ভালো' কোলেস্টেরলের মাত্রা কমাইয়া দেয় এবং 'খারাপ' কোলেস্টেরলের মাত্রা বাড়াইয়া দেয়। গত সোমবার পত্রিকান্তরে প্রকাশিত একটি প্রতিবেদনে বলা হইয়াছে, বোতলজাত সয়াবিনে ক্ষতিকর 'ট্রান্সফ্যাট' রহিয়াছে। ট্রান্সফ্যাটি অ্যাসিডের এই উপস্থিতি উঠিয়া আসিয়াছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউট এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের জেমস পি গ্র্যান্ট পাবলিক হেলথ স্কুলের ১৩ জন গবেষকের দুই বত্সর মেয়াদি এক গবেষণায়। ইহাতে বাজারের বিভিন্ন কোম্পানির বোতলজাত সয়াবিন তেলের প্রায় ৬৭ শতাংশ নমুনায় সহনীয় মাত্রার চাইতে অধিক ট্রান্সফ্যাটি অ্যাসিড পাওয়া গিয়াছে। খোলা সয়াবিন তেলের ক্ষেত্রে হারটি প্রায় ২৫ শতাংশ। ট্রান্সফ্যাটি অ্যাসিড 'ট্রান্সফ্যাট' নামে বহুল প্রচলিত। গবেষকরা মনে করিতেছেন, সয়াবিন তেলে ট্রান্সফ্যাট তৈরি হইতে পারে পরিশোধন প্রক্রিয়ার কোনো গলদে। অতীতের গবেষণার বরাত দিয়া এই গবেষণায় বলা হইয়াছে, ভোজ্য তেল পরিশোধন করা হয় উচ্চ তাপে, তখনই ট্রান্সফ্যাট বৃদ্ধি পায়। ট্রান্সফ্যাট (টিএফএ) রক্তে খারাপ কোলেস্টেরল বৃদ্ধি করে এবং ভালো কোলেস্টেরল কমাইয়া দেয়। ফলে হৃদ্যন্ত্রে মাত্রাতিরিক্ত খারাপ কোলেস্টেরলের কারণে হার্ট অ্যাটাক, মস্তিষ্কের স্ট্রোক, রক্তনালির অসুখ ও ডায়াবেটিসের ঝুঁকি বাড়িয়া যায় বহুগুণ। ইতিপূর্বে বিশ্ব স্বাস্থ্য সংস্থা ২০২৩ সালের মধ্যে ট্রান্সফ্যাট নির্মূলের লক্ষ্য ঠিক করিয়াছিল। সংস্থাটি বলিয়াছে, সকল ফ্যাট, তেল ও খাবারে প্রতি এক শত গ্রাম ফ্যাটে ট্রান্সফ্যাটের পরিমাণ সর্বোচ্চ দুই গ্রামে সীমিত করিতে হইবে।

আমরা আশা করিব দ্রুত ট্রান্সফ্যাটের ব্যাপারে সংশ্লিষ্ট মহল যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করিবে। একই সঙ্গে তরুণ জনগোষ্ঠীকেও সচেতন হইতে হইবে, তাহারা যেন হৃদেরাগের ঝুঁকি এড়াইতে খাদ্যাভ্যাসে সঠিক পরিবর্তন আনিয়া ট্রান্সফ্যাটযুক্ত খাবার পরিহার করেন।

.............

# কেন মণিপুরে নতুন মুখ্যমন্ত্রী বেছে নিতে পারল না বিজেপি?



এন বীরেন সিং মণিপুরের মুখ্যমন্ত্রী দায়িত্ব থেকে পদত্যাগ করার পর ওই রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারি করা হয়েছে। গত ২০২৩ সালের মে মাস থেকে সেখানে জাতিগত সংঘর্ষ চলছে। এই ঘটনায় ২৫০ জনেরও বেশি মানুষের মৃত্যু হয়েছে। সহিংসতার কারণে মেইতেই ও কুকি দুই সম্প্রদায়েরই হাজার হাজার মানুষকে বাস্তুচ্যুত হতে হয়েছে। রোববার অর্থাৎ নয়ই ফেব্রুয়ারি, মণিপুরের রাজ্যপাল অজয় কুমার ভাল্লার সঙ্গে সাক্ষাৎ করে ওই রাজ্যের মুখ্যমন্ত্রীর পদ থেকে ইস্তফা দেন এন বীরেন সিং। লিখেছেন অভিনব গোয়েল, বিবিসি সংবাদদাতা।



এন বীরেন সিং মণিপুরের মুখ্যমন্ত্রী দায়িত্ব থেকে পদত্যাগ করার পর ওই রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারি করা হয়েছে। গত ২০২৩ সালের মে মাস থেকে সেখানে জাতিগত সংঘর্ষ চলছে। এই ঘটনায় ২৫০ জনেরও বেশি মানুষের মৃত্যু হয়েছে। সহিংসতার কারণে মেইতেই ও কুকি দুই সম্প্রদায়েরই হাজার হাজার মানুষকে বাস্তুচ্যুত হতে হয়েছে। রোববার অর্থাৎ নয়ই ফেব্রুয়ারি, মণিপুরের রাজ্যপাল অজয় কুমার ভাল্লার সঙ্গে সাক্ষাৎ করে ওই রাজ্যের মুখ্যমন্ত্রীর পদ থেকে ইস্তফা দেন এন বীরেন সিং। তারপর থেকেই রাজ্যের নতুন মুখ্যমন্ত্রীর কে হতে পারেন সেই বিষয়ে ঐকমত্যে পৌঁছতে বিজেপির উত্তর-পূর্বের দায়িত্বপ্রাপ্ত সম্বিত পাত্র বিধায়ক ও রাজ্যপালের সঙ্গে বৈঠক করছেন। এদিকে, বৃহস্পতিবার মণিপুরে রাষ্ট্রপতি শাসন জারির ঘোষণা হয়েছে।

রাজনৈতিক বিশ্লেষকদের মতে মণিপুরের পরবর্তী মুখ্যমন্ত্রী কে হবেন সে বিষয়ে ঐকমত্যে না পৌঁছাতে পারার কারণেই এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

মণিপুর বিধানসভার শেষ অধিবেশন ২০২৪ সালের ১২ই অগাস্ট হয়েছিল এবং পরবর্তী অধিবেশন ছয় মাসের মধ্যে আহ্বান করার কথা ছিল, তবে তা হতে পারেনি। ভারতীয় সংবিধানের ১৭৪(১) অনুচ্ছেদ অনুযায়ী, বিধানসভার দু'টো অধিবেশনের মধ্যে ছয় মাসের বেশি ব্যবধান থাকতে পারে না।

**নেতৃত্ব নিয়ে 'সঙ্কট'**

৬০ সদস্যের মণিপুর বিধানসভায় বিজেপির ৩৭ জন বিধায়ক আছেন এবং তাদের জোটসঙ্গীদের ১১ জন বিধায়ক রয়েছেন। কিন্তু তা সত্ত্বেও ওই রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারি করা হয়েছে।

দিল্লিতে দৈনিক ভাস্করের পলিটিক্যাল এডিটর হেমন্ত অত্রির মতে, "২০২৩ সালের মে মাস থেকে মণিপুরে হিংসা চলছে। বহু বিধায়ক একাধিকবার দিল্লিতে এসে কেন্দ্রীয় নেতৃত্বের সামনে ধারাবাহিকভাবে নিজেদের অসন্তোষের কথা প্রকাশ করেছেন। কিন্তু কোনও সমাধান না মেলায় রাজ্য বিজেপির অন্দরে শুরু হয়ে গিয়েছে কুর্সির লড়াই।"

"২০১৪ সালে নরেন্দ্র মোদী কেন্দ্রে ক্ষমতায় আসার পর এই প্রথম তার নিজের দল শাসিত রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারি করতে বাধ্য হলেন এবং সেটাও তার ঔদ্ধত্য ও একগুঁয়েমির কারণে। মণিপুরের আইনশৃঙ্খলা বিপর্যস্ত বলে সুপ্রিম কোর্ট যখন মন্তব্য করেছিল, তার পরপরই তিনি ওই রাজ্যের মুখ্যমন্ত্রী পরিবর্তন করলে ভালো হতো।"

ইংরেজি পত্রিকা 'দ্য হিন্দু'র ডেপুটি এডিটর বিজেতা সিংও একই মত পোষণ করেন।

তিনি বলেন, "মণিপুরের বিজেপি নেতৃত্ব দ্বিধাবিভক্ত। দলের অভ্যন্তরেই বীরেন সিংয়ের সমর্থক ও বিরোধী গোষ্ঠী তৈরি হয়েছিল। বিধায়করা দিল্লির কাছে অভিযোগ জানাচ্ছিলেন, কিন্তু দিল্লির পক্ষ থেকে বীরেন সিংকে সময় দেওয়া হচ্ছিল এই ভেবে যে সব ঠিক হয়ে যাবে। যদিও তা হয়নি।"

"কুকিরা বীরেন সিং এবং তার লোকেদের চায় না। অন্যদিকে মেইতাইরা কোনও কুকি নেতাকে (ক্ষমতায়) দেখতে চায় না। বিজেপির একাধিক কুকি বিধায়কও নির্বাচিত হয়েছেন। দলের সামনে চ্যালেঞ্জ ছিল এমন একজন নেতাকে বেছে নেওয়া, যিনি দুইপক্ষকেই সামলাতে পারবেন। কিন্তু কোনও এক নেতাকে বেছে নেওয়ার বিষয়ে সবাই একমত হতে পারেননি।"

**সরকার পড়ে যাওয়ার আশঙ্কা?**

মণিপুরের রাজ্যপাল ইতোমধ্যেই ১০ই ফেব্রুয়ারি থেকে শুরু হওয়া বিধানসভার অধিবেশন বাতিল ঘোষণা করেছেন।

কয়েক দশক ধরে মণিপুরের রাজনীতি নিয়ে কাজ করা ইম্ফল রিভিউ অব আর্টস অ্যান্ড পলিটিক্সের প্রতিষ্ঠাতা ও সম্পাদক প্রতীপ ফানজুবাম বিবিসিকে জানিয়েছেন, ১০ই ফেব্রুয়ারি থেকে শুরু হওয়া অধিবেশনে বীরেন সিংয়ের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনার প্রস্তুতি নেওয়া হচ্ছিল।

এই আশঙ্কার বিষয়ে কথা বলতে গিয়ে হেমন্ত অত্রি বলেছেন, "বিজেপি ভয় পেয়েছিল যে বীরেন সিংয়ের কারণে আস্থাভোট পরীক্ষা হলে তাদের অনেক বিধায়কই দলীয় হুইপ অমান্য করতে পারেন। কেন্দ্রে তাদের সরকার থাকাকালীন এমন পরিস্থিতি হলে তা দলের পক্ষে অস্বস্তির কারণ হতে পারত।"

বিজেপির ১৯ জন বিধায়ক গত বছর অক্টোবর মাসে এন বীরেন সিংকে মুখ্যমন্ত্রীর পদ থেকে অপসারণের দাবিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি লিখেছিলেন।

এই বিষয়ে হেমন্ত অত্রির সঙ্গে সহমত পোষণ করেন সিনিয়র সাংবাদিক বিজেতা সিং।

তার কথায়, "সুনাম রক্ষা করতেই বীরেন সিংয়ের পদত্যাগ। যদি বিধানসভার অধিবেশন শুরু হয়ে যেত, তাহলে বিরোধীরা প্রথম যে কাজটা করত, সেটা হলো অনাস্থা প্রস্তাব আনা এবং এমন পরিস্থিতিতে সরকারের পতন হতো।"

কংগ্রেস নেতা জয়রাম রমেশকেও এই প্রশ্ন করা হলে তিনি বলেন, "উনি পরিস্থিতি বুঝতে পেরেছিলেন। তারা জানতেন, তাদের সরকারের পতন হবে।"

পাশাপাশি আরও একটা কারণের কথা উল্লেখ করেছেন মি. অত্রি। তার মতে, "প্রধানমন্ত্রী মোদীর যুক্তরাষ্ট্র সফর ছিল। তিনি আশঙ্কা করছিলেন প্রেসিডেন্ট ট্রাম্প তাকে মণিপুর সম্পর্কে জিজ্ঞাসা করতে পারেন। মণিপুরে গির্জা ও খ্রিষ্টানদের উপর হামলার ঘটনায় ইউরোপ-আমেরিকা চুপ করে বসে থাকবে না। তাই তড়িঘড়ি করে বীরেন সিংয়ের ইস্তফা নেওয়া হয়েছে।"

মি. অত্রির কথায়, "যদি সময়মতো বীরেন সিংকে সরিয়ে দেওয়া হতো, তাহলে মণিপুর সাংবিধানিক সঙ্কটের দোরগোড়ায় পৌঁছত না।"

**সরকারের 'বিশ্বাসযোগ্যতা' নিয়ে প্রশ্ন?**

মণিপুরে ২০২২ সালে সরকার গঠন করে ভারতীয় জনতা পার্টি। ২০১৪ সালের বিধানসভা নির্বাচনে বিজেপি ৩২টি, কংগ্রেস পাঁচটি এবং অন্যান্য দল ২৩টি আসনে জিতেছিল। ফলাফলের প্রায় পাঁচ মাস পর জনতা দল ইউনাইটেডের ছয়জন জয়ী বিধায়কের মধ্যে পাঁচজন বিজেপিতে যোগ দেন।

সিনিয়র সাংবাদিক হেমন্ত অত্রি বলেন, "মণিপুরে বিজেপির ৩৭ জন বিধায়ক রয়েছেন। নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা রয়েছে। কার্যকালের প্রায় তিন বছর বাকি থাকা সত্ত্বেও ওই রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারি করতে হয়েছে।"

"নরেন্দ্র মোদীর ১১ বছরের শাসনকালে এই প্রথম দলের অভ্যন্তরীণ কোন্দল এইভাবে প্রকাশ পেয়েছে। রাষ্ট্রপতি শাসন জারির পর কড়া প্রশাসক হিসেবে মোদীর ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে। ডাবল ইঞ্জিন সরকারের স্লোগানের হাওয়া বেরিয়ে গিয়েছে।"

মণিপুরে আগামী পরিস্থিতি কী হতে পারে সেই বিষয়ে মতামত জানিয়েছেন বিজেতা সিং। তিনি বলেছেন, "মণিপুরে রাষ্ট্রপতি শাসন জারি করার পরেও খুব বেশি পরিবর্তন হবে না। কারণ মণিপুরে এর আগেও কেন্দ্র থেকেই সরকার চালানো হচ্ছিল।"

তিনি এই প্রসঙ্গে সংসদে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর একটা বক্তৃতার বিষয়েও উল্লেখ করেছেন। প্রধানমন্ত্রীর সেই বক্তৃতাকে ঘিরে বিজেপিকে আক্রমণ করতে পারে বিরোধীরা।

২০২৩ সালের ফেব্রুয়ারি মাসে রাষ্ট্রপতির ভাষণের জন্য ধন্যবাদ প্রস্তাব নিয়ে বিতর্কের জবাবে প্রধানমন্ত্রী মোদী কংগ্রেসের বিরুদ্ধে ৩৫৬ অনুচ্ছেদের (রাষ্ট্রপতি শাসন) অপব্যবহার করার অভিযোগ তুলেছিলেন।

তিনি বলেছিলেন, "কারা সেই ব্যক্তি যারা ৩৫৬ ধারার অপব্যবহার করেছে? একজন প্রধানমন্ত্রী ৩৫৬ ধারার ৫০ বার অপব্যবহার করেছেন এবং তার নাম শ্রীমতী ইন্দিরা গান্ধী। বিরোধী ও আঞ্চলিক দলগুলোর সরকারকে উৎখাত করেছে তারা।"

এখন বিরোধীরা বিজেপির বিরুদ্ধে ৩৫৬ ধারার অপব্যবহারের অভিযোগও তুলবে।

রাষ্ট্রপতির শাসন

ভারতীয় সংবিধানের ৩৫৫ ধারা এবং ৩৫৬ ধারা অনুযায়ী রাষ্ট্রপতির শাসন জারি করা যেতে পারে। অনুচ্ছেদ ৩৫৫ কেন্দ্রীয় সরকারকে বহিরাগত আক্রমণ এবং অভ্যন্তরীণ অশান্তি থেকে রাজ্যগুলোকে রক্ষা করার ক্ষমতা দেয়।

একইসঙ্গে, কোনও রাজ্যে সাংবিধানিক ব্যবস্থা ব্যর্থ হলে বা সেটা দুর্বল হয়ে পড়লে, সংবিধানের ৩৫৬ অনুচ্ছেদের অধীনে রাজ্য সরকারের ক্ষমতা গ্রহণ করেন রাষ্ট্রপতি। রাজ্যপাল রাষ্ট্রপতি শাসন জারি করার জন্য রাষ্ট্রপতির কাছে প্রতিবেদন পাঠান। কেন্দ্রীয় মন্ত্রিসভার পরামর্শের পরে রাষ্ট্রপতি তা কার্যকর করেন।

রাষ্ট্রপতি শাসন জারির পর মুখ্যমন্ত্রীর নেতৃত্বে গঠিত মন্ত্রিপরিষদ ভেঙে দেওয়া হয় এবং রাজ্য সরকারের সমস্ত বিষয় রাষ্ট্রপতির কাছে চলে যায়।

এই অবস্থায় দু'মাসের মধ্যে সংসদের উভয় কক্ষের অনুমোদন নিতে হবে। রাষ্ট্রপতি শাসনের মেয়াদ ছয় মাস থেকে বাড়িয়ে সর্বোচ্চ তিন বছর করা যেতে পারে। বিশেষ পরিস্থিতিতে, এর সময়সীমা তার বেশি হতে পারে।

ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরু ১৯৫১ সালে দেশে প্রথমবার ৩৫৬ অনুচ্ছেদ ব্যবহার করেছিলেন। ওই অনুচ্ছেদের ব্যবহার করা হয়েছিল পাঞ্জাবে, প্রায় এক বছর ধরে অব্যাহত ছিল ওই পরিস্থিতি।

*সৌ: বিবিসি (বাংলা)*

---

সাইমন টিসডাল


# ট্রাম্পের যে বিশ্বাসঘাতকতায় পুতিন এখন আরও সাহসী

গ্রাহাম গ্রিনের ১৯৫৫ সালের উপন্যাস দ্য কুইয়েট আমেরিকান-এ একজন সিআইএ এজেন্টের নাম অলডেন পাইল। পাইল মনে করে যে ভিয়েতনাম সংঘাতের সমাধান তার হাতের মুঠোয়। কিন্তু তার অজ্ঞতা, অহংকার ও ষড়যন্ত্র শান্তি আনার বদলে কেবল নিরীহ মানুষের মৃত্যুর কারণ হয়। সে নিজেও মারা যায়। আজকের পৃথিবীতে ডোনাল্ড ট্রাম্প যেন সেই পাইল। তবে তাঁর শোরগোল অনেক বেশি।

চুক্তি করার ক্ষেত্রে ট্রাম্প নিজেকে অসাধারণ দক্ষ বলে মনে করেন। আর নিজের এই প্রতিভা নিয়ে অহর্নিশ বড়াই করেন। অথচ তাঁর 'শতাব্দীর সেরা' উত্তর কোরিয়া চুক্তি ছিল এক তামাশা। আফগানিস্তান তিনি তালেবানের হাতে তুলে দিয়েছেন। ইসরায়েলের বেনিয়ামিন নেতানিয়াহু তাঁকে বারবার বোকা বানিয়েছেন। এখন ট্রাম্প আরও এক ব্যর্থ চুক্তির প্রস্তাব দিচ্ছেন—ইউক্রেনকে বিক্রি করে দেওয়া। আমেরিকার এই প্রেসিডেন্ট যেন এখন পুতিনের হাতের পুতুল। যুদ্ধবিরতি আলোচনার আগেই ট্রাম্প রাশিয়াকে যে ছাড় দেওয়ার ইঙ্গিত দিয়েছেন, তা ইউক্রেনের জন্য ভয়াবহ। একই সঙ্গে তা ইউরোপের নিরাপত্তা, ট্রান্সআটলান্টিক জোট এবং তাইওয়ানের মতো অন্যান্য ঝুঁকিপূর্ণ বিষয়গুলোর জন্যও বিপজ্জনক। ট্রাম্পের প্রস্তাবিত ছাড়গুলোর মধ্যে আছে রাশিয়ার আগ্রাসনে দখল করা ইউক্রেনীয় ভূখণ্ড মেনে নেওয়া, কিয়েভের ন্যাটো সদস্যপদ প্রত্যাখ্যান করা, যুক্তরাষ্ট্রের নিরাপত্তা সহায়তা ও সেনা মোতায়েন বন্ধ করা।

এগুলোর সবই একধরনের বিশ্বাসঘাতকতা, একরকম আত্মসমর্পণের শামিল।

তিন বছর আগে বিনা উসকানিতে ভয়াবহ রক্তক্ষয়ী আগ্রাসন চালিয়েছিলেন পুতিন। অথচ ট্রাম্প এখন প্রেসিডেন্ট জেলেনস্কি ও ইউক্রেনের সাহসী জনগণকেই দোষারোপ করছেন। তিনি ক্রেমলিনের প্রচারিত মিথ্যাকে পুনরাবৃত্তি করে কিয়েভে নতুন নির্বাচন দেওয়ার দাবি তুলছেন, যা এক ভয়ংকর ভণ্ডামি। কারণ, রাশিয়ার শাসকগোষ্ঠী নিজেরাই নিয়মিতভাবে অন্য দেশের নির্বাচনকে প্রভাবিত করে। কিন্তু এই ষড়যন্ত্রে ট্রাম্প সানন্দে পা দিচ্ছেন। পুতিন হয়তো নিজেই বিশ্বাস করতে পারছেন না এমন ভাগ্য তাঁর কপালে জুটেছে! ট্রাম্প তাঁর সঙ্গে ৯০ মিনিট ধরে ফোনে আলাপ করে, তাঁকে 'বুদ্ধিমান' আখ্যা দিয়ে, সৌদি আরবে এক



সম্মেলনে আমন্ত্রণ জানিয়ে কার্যত একঘরে হয়ে পড়া এই স্বৈরাচার শাসকের ভাবমূর্তি পুনরুদ্ধার করেছেন আর ন্যাটো মিত্রদের আস্থায় আঘাত হেনেছেন। বিনিময়ে পুতিন কিছুই দেননি; বরং তিনি এখন আরও আত্মবিশ্বাসী যুদ্ধক্ষেত্রে, রাজনৈতিকভাবে এবং কূটনৈতিক অঙ্গনেও। এর চেয়ে ভয়ংকর ব্যাপার হলো, মস্কো যেকোনো দীর্ঘমেয়াদি চুক্তির শর্ত হিসেবে 'গঠনমূলক পরিবর্তন' দাবি করছে। এর মধ্যে রয়েছে ইউক্রেনকে নিরস্ত্রীকরণ, সামরিক জোটের বাইরে রাখা, তাদের নেতৃত্বকে 'নাৎসিমুক্ত' করা, এমনকি দেশটির স্বাধীন অস্তিত্ব মুছে ফেলার মতো চরম দাবি। পুতিন আসলে ইউরোপের নিরাপত্তা কাঠামোকে নতুনভাবে সাজাতে চান। এর অর্থ, ন্যাটোকে দুর্বল, বিভক্ত ও পিছু হটতে বাধ্য করা। পাইলের আরেক সংস্করণ মার্কিন প্রতিরক্ষা সচিব পিট হেগসেথ সম্প্রতি পুতিনের জন্য বড় এক সুযোগ এনে দিয়েছেন। তিনি ঘোষণা করেছেন যে ইউরোপের নিরাপত্তা আর ওয়াশিংটনের 'প্রধান অগ্রাধিকার' নয়। ইউরোপীয় দেশগুলোকে নিজেদের প্রতিরক্ষার জন্য আরও বেশি ব্যয় করতে হবে। তিনি তাদের জিডিপির ৫ শতাংশ ব্যয়ের প্রস্তাব করেছেন এই খাতে। বলেছেন, ইউক্রেনকে ভবিষ্যতে প্রয়োজনীয় সামরিক ব্যবস্থার বেশির ভাগ অংশও তাদেরই বহন করতে হবে। তিনি ইঙ্গিত দিয়েছেন যে ইউরোপে মোতায়েন মার্কিন সেনার সংখ্যা কমানো হতে পারে। ট্রাম্পের এই ক্ষতিকর নেতৃত্বে ট্রান্সআটলান্টিক জোটের ভবিষ্যৎ নিয়ে গুরুতর প্রশ্ন উঠেছে।

যুক্তরাষ্ট্র ন্যাটোর ঐক্যবদ্ধ অবস্থান ভেঙে দিয়েছে, প্রতিশ্রুতি ভঙ্গ করেছে। ইউক্রেনের প্রেসিডেন্ট জেলেনস্কি ও তাঁর প্রধান সমর্থক ব্রিটেন, জার্মানির ওলাফ শলৎজ, পোল্যান্ডের ডোনাল্ড টাস্ক, বাল্টিক রাষ্ট্র ও স্ক্যান্ডিনেভিয়ার মিত্রদের দুর্বল করে ফেলেছে। এই নেতারা যুক্তরাষ্ট্রের ওপর আস্থা রেখেছিলেন, কিন্তু এখন স্পষ্ট যে সেটি ছিল এক বড় ভুল।

ট্রাম্প এখন বেশি মনোযোগ দিচ্ছেন উত্তর আটলান্টিক অঞ্চলকে উপেক্ষা করে চীন ও ইন্দোপ্যাসিফিক অঞ্চলের দিকে। একই সঙ্গে তিনি পুতিনের মতো আচরণ করে কানাডা, পানামা ও ডেনিশ গ্রিনল্যান্ডের মতো সার্বভৌম দেশগুলো আক্রমণের হুমকি দিচ্ছেন। অতীতে ট্রাম্প ন্যাটো থেকে বেরিয়ে যাওয়ার হুমকি দিয়েছিলেন। তা করলে ইউরোপ নিজের ভবিষ্যৎ নিয়ন্ত্রণের সুযোগ পেতে পারত। ইউক্রেন ও প্রতিরক্ষা বিষয়ে মার্কিন অবস্থান বদলাবে, এমন ইঙ্গিত ইউরোপীয় নেতাদের কাছে অনেক আগেই ছিল। ট্রাম্প বরাবরই ইউরোপের সরকারগুলোর প্রতি বিরূপ মনোভাব পোষণ করেছেন। এর ব্যতিক্রম শুধু হাঙ্গেরির কট্টর ডানপন্থী নেতা ভিক্টর অরবান। ইউরোপীয় নেতারা এখন যুক্তরাষ্ট্র-রাশিয়া আলোচনায় নিজেদের গুরুত্বপূর্ণ ভূমিকা চাইছেন, কিন্তু শুরুতেই ট্রাম্পকে কঠোর বার্তা না দেওয়ায় আজ এই সংকট সৃষ্টি হয়েছে। ইউরোপ তখনো বিভক্ত ছিল, এখনো আছে। ইতালির জর্জিয়া মেলোনির মতো কেউ কেউ ট্রাম্পের সঙ্গে সুসম্পর্ক রাখতে চান। কেউ ব্রিটেনের কিয়ার স্টারমার মতো নীরব দর্শক হয়ে আছেন।

এ অবস্থায় ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল মাখোঁর অবস্থান উল্লেখযোগ্য। তিনি বহুদিন ধরেই ন্যাটোর বাইরে ইউরোপীয় ইউনিয়নের নিজস্ব প্রতিরক্ষা বাহিনী গঠনের আহ্বান জানিয়ে আসছিলেন। গুরুত্ব দিচ্ছিলেন ইউরোপের নিজস্ব অস্ত্র উৎপাদন ও সংগ্রহ ব্যবস্থার ওপর। এত দিন তাঁর আহ্বান প্রায় উপেক্ষিত ছিল। কিন্তু এখন সময় এসেছে দ্রুত সেই পরিকল্পনা বাস্তবায়নের। যুক্তরাষ্ট্রের এই নাটকীয় আত্মসমর্পণের প্রতিক্রিয়া বিশ্বজুড়ে ব্যাপকভাবে অনুভূত হবে। পশ্চিমা জোটের ভেতরকার এই ভয়াবহ বিভক্তি চীনকে আরও সাহসী করে তুলবে। বলা চলে, প্রেসিডেন্ট সি চিন পিংয়ের তাইওয়ানে সামরিক আগ্রাসনের বহুদিনের হুমকি আরও কাছাকাছি চলে এসেছে। রাশিয়ার সহযোগী ইরান ও উত্তর কোরিয়াও পশ্চিমা বিশ্বের এই বিশৃঙ্খল পরিস্থিতিতে উৎফুল্ল হবে।

এখন প্রশ্ন হলো, পরিস্থিতি ঘুরিয়ে দেওয়া সম্ভব কি না? ইউরোপের বৈশ্বিক প্রভাব খর্ব হয়ে গেছে। শান্তি, নিরাপত্তা এবং জাতিসংঘ সনদভিত্তিক আইনের রক্ষক হিসেবে আমেরিকার ভাবমূর্তি একেবারে ভেঙে পড়েছে।

একনায়ক ও স্বৈরশাসকদের জন্য এখন বিজয়ের কাল। ট্রাম্পের নীতি স্পষ্ট হয়ে উঠেছে, শক্তিই সবকিছু নির্ধারণ করে, দুর্বলদের স্থান নেই। এখনো সব পথ বন্ধ হয়ে যায়নি। ইউক্রেন ও ইউরোপকে যেকোনো যুদ্ধবিরতি আলোচনায় সরাসরি যুক্ত করতে হবে। এখন মার্কিন প্রতিরক্ষাসচিব পিট হেগসেথ এবং ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্সও ধীরে ধীরে এই বাস্তবতা মেনে নেওয়ার ইঙ্গিত দিচ্ছেন। তবে কিয়েভকে ট্রাম্পের এই আপসকামী নীতির বলি হওয়া থেকে রক্ষা করতে পশ্চিমা গণতান্ত্রিক দেশগুলোকে সম্মিলিতভাবে ওয়াশিংটনের ওপর চাপ বজায় রাখতে হবে। মনে রাখতে হবে, যেকোনো মূল্যে অর্জিত শান্তি আসলে কোনো শান্তি নয়।

*সাইমন টিসডাল, দ্য অবজারভার-এর পররাষ্ট্রবিষয়ক ভাষ্যকার*

*দ্য গার্ডিয়ান থেকে নেওয়া, ইংরেজি থেকে অনূদিত*

**প্রথম নজর**

## আইটিআইএ সবার সেরা পারভিনাকে সংবর্ধনা



**নিজস্ব প্রতিবেদক ● তালদি**

**আপনজন:** সর্বভারতীয় আইটিআই পরীক্ষায় শীর্ষ স্থান অধিকারী পারভিনাকে সংবর্ধনা দিল সারা বাংলা সংখ্যালঘু যুব ফেডারেশন। মঙ্গলবার সারা বাংলা সংখ্যালঘু যুব ফেডারেশনের রাজ্য সম্পাদক তথা অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল বোর্ডের সদস্য মুহাম্মদ কামরুজ্জামান সাহেবের নেতৃত্বে এক প্রতিনিধি দল তাঁকে সংবর্ধনা জানায়। এই সংবর্ধনা পেয়ে খুশি প্রত্যন্ত ক্যানিং এর তালদির মেয়ে পারভিনা। এ ব্যাপারে সারা বাংলা সংখ্যালঘু যুব ফেডারেশনের রাজ্য সম্পাদক মুহাম্মদ কামরুজ্জামান বলেন এটা আমাদের কাছে অত্যন্ত গর্বের। কেননা আমাদের ঘরের মেয়েরাও এখন সমান তালে শিক্ষা আন্দোলনে এগিয়ে চলছে। আসলে মেধা থাকলে তা ঠিক প্রস্ফুটিত হবেই।

## সামশেরগঞ্জ থেকে উদ্ধার আগ্নেয়াস্ত্র



**নিজস্ব প্রতিবেদক ● অরঙ্গাবাদ**

**আপনজন:** আবারও মুর্শিদাবাদ জেলার সামশেরগঞ্জ থেকে উদ্ধার আগ্নেয়াস্ত্র। সামশেরগঞ্জ থানার পুলিশের তৎপরতায় দুটি ৭.৬ এম এম পিস্তল, দুটি ম্যাগাজিন এবং আট রাউন্ড কার্তুজ সহ গ্রেপ্তার তিন যুবক। সোমবার রাতে সামশেরগঞ্জ থানার নতুন জালাদিপুর ১২ নম্বর জাতীয় সড়ক এলাকা থেকে তামিলনাড়ুর চেন্নাই এর দুই যুবক এবং সুতি থানার এক যুবক গ্রেপ্তার করা হয়েছে। তাদের কাছে বাজেয়াপ্ত করা হয়েছে আগ্নেয়াস্ত্রগুলো। মঙ্গলবার ধৃতদের জঙ্গিপুর আদালতে পাঠায় পুলিশ। চেন্নাই থেকে আগ্নেয়াস্ত্র গুলো হাত বদলের উদ্দেশ্যে সামশেরগঞ্জ এলাকায় এসেছিল বলেই জানতে পেরেছে পুলিশ। যদিও তদন্তের স্বার্থে ধৃতদের নাম পরিচয় গোপন রেখেছে পুলিশ।

# উচ্চমাধ্যমিক পরীক্ষায় মোবাইল ধরা পড়লে বাতিল হবে পরীক্ষার্থী

**নিজস্ব প্রতিবেদক ● কলকাতা**

**আপনজন:** উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সকল শিক্ষক - শিক্ষিকা - শিক্ষাকর্মী, পরীক্ষা পার্সোনেল, পরীক্ষার্থী, অভিভাবক সহ পরীক্ষার সাথে যুক্ত অন্যান্যদেরকে স্মার্টফোন সহ ওয়ারলেস হেডফোন, ব্লুটুথ, স্মার্ট ওয়াচের মতো ইলেকট্রনিক গেজেট ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ ঘোষণা করল। সকল পরীক্ষার্থীদেরকে পরীক্ষা সেন্টারে মেটাল ডিরেক্টর মাধ্যমে চেক করা হবে। যেকোনো ছাত্র ছাত্রী স্মার্টফোন বা যেকোনো ধরনের ইলেকট্রনিক গেজেট নিয়ে ধরা পরলে তার সমস্ত পরীক্ষা সাথে এনরোলমেন্ট বাতিল করা হবে। এছাড়াও সেই ইলেকট্রনিক গেজেট সিজ করে সংসদের ডেপুটি সেক্রেটারীকে জানাতে হবে। সর্বপরি সংসদ পরীক্ষা নিয়ে কড়া পদক্ষেপ গ্রহণ করছে। এছাড়াও, সংসদ নতুন সেশন ২০২৫-২০২৬ তে কয়েকটি নতুন সাবজেক্টের পঠনপাঠন শুরু করার নির্দেশ জারি করেছে। সেই নতুন সাবজেক্টগুলি সহ চালু



WEST BENGAL COUNCIL OF HIGHER SECONDARY EDUCATION
VIDYASAGAR BHAVAN
9/2, BLOCK-DJ, SECTOR-II, SALTLAKE
KOLKATA – 700091

No. : L/PR/061/2025 Date: 17/02/2025

NOTIFICATION

Attention: All Teachers, Non Teaching Staffs, Examination Personnel, Students, Guardians and others attached with the Higher Secondary Examination, 2025

All the above mentioned concerned are hereby informed about the following points relating to the ensuing Higher Secondary Examination, 2025.

- Carrying of mobile phone and/or any other electronic gadgets such as blue tooth, wireless headphone, air pod, smart watch, etc. **(except calculator permissible by the Council)** by any examinee inside the venue is strictly prohibited. The examinees will be checked at the entrance of the examination venues for this purpose with the help of Metal Detector and they should be alerted in this respect. In spite of all these precautions, if any examinee is caught with such prohibited item(s) in the venue/ examination hall; **his/her entire examinations and enrolment will be cancelled**. The electronic gadget is to be seized and further communication has to be made to the Deputy Secretary (Examination) through mail (**dsexamination@ wbchse.org**).
- The concerned Centre-in-Charge, Centre Secretary, Venue Supervisor and Council Nominee can only carry the mobile phone inside the venue premises exclusively for examination related purpose, but not permitted to use it in the examination hall.
- Any other teacher/ non-teaching staff/ examination personnel/ other person (except the dignitaries as mentioned in previous point) must not enter into the venue premises along with mobile phone. If anyone comes to the venue with the mobile, he/she must deposit it to the Venue Supervisor till the examination is completed.

All concerned are requested to take necessary action accordingly.

Prof. (Dr.) Chiranjib Bhattacharjee
President
W.B. Council of H.S. Education

সাবজেক্টগুলিককে নিয়ে ৩টি সেটে সাবজেক্ট কম্বিনেশনও নতুন সেশনে শুরু করার নির্দেশ দিল উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ। যে সকল নতুন সাবজেক্টের পাঠক্রম নতুন সেশনে শুরু করছে সেগুলোর মধ্যে AIDS, EVSC, FSAQ, BMBS, BMSS অন্যতম। এই নির্দেশিকায় সাধুবাদ জানিয়ে শিক্ষক সংগঠন অল পোস্ট গ্র্যাজুয়েট টিচার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন-এর সম্পাদক চন্দন গরাই বলেন, বিষয় শিক্ষক নিয়োগ না করে বর্তমান শিক্ষক ও পার্ট টাইম শিক্ষকদের দিয়ে উচ্চ মাধ্যমিক বিভাগের পঠনপাঠন দীর্ঘদিন ধরে চালানো হচ্ছে, অবিলম্বে উচ্চ মাধ্যমিক স্তরে স্থায়ী বিষয় শিক্ষক নিয়োগ দরকার।

# সিমলাপাল হাসপাতালের বহির্বিভাগে টিকিটের লাইনে ব্যাপক ভোগান্তি




**নিজস্ব প্রতিবেদক ● বসিরহাট**

**আপনজন:** সকাল থেকে আউটডোরের টিকিট ঘরের বাইরে দাঁড়িয়ে রয়েছেন রোগী থেকে তাঁদের আত্মীয়রা। কিন্তু নির্দিষ্ট সময়ের পরেও বন্ধ টিকিট কাউন্টার, দেখা নেই চিকিৎসক থেকে স্বাস্থ্য কর্মী কারোরই। সিমলাপাল ব্লক হাসপাতালের এই ছবি এক দিন নয়, প্রতিদিনকার-দাবি এখানে চিকিৎসা পরিষেবা নিতে আসা রোগীদেরই। আয ওই দাবিরই সত্যতা মিলল মঙ্গলবার। ঘড়ির কাঁটায় সাড়ে দশটা বেজে গেলেও দেখা নেই চিকিৎসক, স্বাস্থ্যকর্মীদের। তবে পরিস্থিতি সামাল দিতে হাসপাতালের আউটডোরে না এসে কোয়ার্টারে বসেই এক চিকিৎসক রোগী দেখছেন বলেও রোগীদের একাংশের দাবি। যদিও এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত চিকিৎসক-স্বাস্থ্য কর্মীরা এই 'দেরী কেন' তার সদুত্তর দিতে পারেননি।

বাঁকুড়া জেলা তৃণমূলের সহ সভাপতি রামানুজ সিংহ মহাপাত্র সমস্ত দায় চিকিৎসকদের উপরেই চাপিয়েছেন। তাঁর দাবি, স্বাস্থ্য কর্মীরা যথেষ্ট আন্তরিক, পরিকাঠামোও যথেষ্ট ভালো। চিকিৎসকরা নিয়মিত নন, এক চিকিৎসক তো আউটডোর-ইণ্ডোর কোন পরিষেবাই দেননা, নিজের কোয়ার্টারে বসেই দায় সারেন বলে তিনি দাবি করেন।

*ছবি: চিরঞ্জিত বিশ্বাস*

# ঘোজাডাঙ্গা সীমান্তে বাণিজ্য বন্ধ করে বিক্ষোভ, কয়েকশো ট্রাক দাঁড়িয়ে

**নিজস্ব প্রতিবেদক ● বসিরহাট**

**আপনজন:** সীমান্তে পার্কিং নিয়ে মালিকরা বৈষম্যের শিকার। প্রতিবাদে বসিরহাটে ঘোজাডাঙ্গা সীমান্ত বাণিজ্যের বন্ধ করে প্রতিবাদ বিক্ষোভ। থমকে সীমান্ত বাণিজ্য। কয়েকশো পণ্য বাহী ট্রাক দাঁড়িয়ে রয়েছে সীমান্তে।

এশিয়ার দ্বিতীয় বৃহত্তম স্থলবন্দর উত্তর ২৪পরগনার বসিরহাট মহকুমার ভারত- বাংলাদেশ ঘোজাডাঙ্গা সীমান্ত। যেখানে প্রতিদিন ৩০০ থেকে ৪০০ট্রাক দেশের বিভিন্ন রাজ্য থেকে এই সীমান্ত দিয়ে বাংলাদেশে যায়। ২৫ বছর হয়ে গেছে এখনো পর্যন্ত এই সীমান্তে কোন সরকারি পার্কিং নেই। ৮৪ টা বেসরকারি পার্কিং রয়েছে। কেউ মালিকের কাছ থেকে জমি লিজ নিয়ে করেছেন। আবার কেউ নিজের জমিতে পার্কিং জোন করে নিজেরাই ব্যবসা করেন। কিন্তু রাজ্যের অন্যান্য সীমান্ত বর্ডার বিশেষ করে মালদা মহাদিপুর সীমান্তে যেখানে ২৪ ঘন্টা পার্কিং চার্জ ৮০০ টাকা নির্ধারিত সময় পেরিয়ে গেলে ঘন্টা পতি ২০০ টাকা অতিরিক্ত চার্জ নেওয়া হয়। সেখানে ঘোজাডাঙ্গা সীমান্ত অর্ধেক অর্থাৎ ৪০০ টাকা পার্কিং ফি। পাশাপাশি ১৬/৮ ২০২২ সালে



রাজ্যের সুবিধা পোটালে ঘোজাডাঙ্গা পার্কিং ওনার ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন তাদের পার্কিং নাম নথিভুক্ত করেছিল। সেই সময় বলা হয়েছিল একটি পার্কিং চার্জ বাবদ টাকা জমা নেওয়া হচ্ছে সেগুলো আবার নির্ধারিত পার্কিং মালিকের অ্যাকাউন্টে পৌঁছে যাবে। প্রায় তিন বছর অতিক্রম করে গেছে, আজও প্রায় একচল্লিশ লক্ষ টাকা পার্কিং মালিকরা পাননি। সীমান্তে ২৯৫ বিঘার ওপর মোট ৮৪ টা বেসরকারি পার্কিং রয়েছে এর সঙ্গে জড়িত মালিক কর্মচারী ও পাশাপাশি পরোক্ষভাবে ৪ হাজার মানুষ এই জীবিকার মধ্যে জড়িত। দীর্ঘ তিন বছর ধরে তাদের সুবিধা পোর্টালের জমা থাকা অর্থ পাচ্ছেন না। এর জন্য ইতিমধ্যে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে বিস্তারিত জানিয়েছেন। অন্যদিকে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এর দফতরে তারা পুরো বিষয়টা জানিয়েছেন। এছাড়া জেলাশাস , মহকুমা শাসক সহ প্রশাসনিক কর্তাদের একাধিকবার জানিয়ে কোন ফল হয়নি। তাই বাধ্য হয়ে ৮৪ জন পার্কিং মালিক কর্মচারী সহ দুই শতাধিক ব্যবসায়ী ভারত বাংলাদেশ ঘোজাডাঙ্গা সীমান্তের চেকপোস্টের কাছে তারা চেয়ার মাইক বেঁধে ফেস্টুন লাগিয়ে অবরোধ বিক্ষোভ শুরু করেছেন। ঘোজাডাঙ্গা পার্কিং ওনার্স ওয়েলফেয়ার এসোসিয়েশনের সভাপতি, নিত্যানন্দ মন্ডল সম্পাদক ,রফিকুল ইসলাম ও মিহির ঘোষরা জানান রাজ্যের বিভিন্ন সরকারি সীমান্তে পার্কিং রয়েছে।

# শ্যামপুরের প্রাইমারি স্কুলে মিড-ডে মিলের তরকারিতে টিকটিকি ঘিরে ব্যাপক আতঙ্ক

**নিজস্ব প্রতিবেদক ● হাওড়া**

**আপনজন:** মঙ্গলবার হাওড়ার শ্যামপুর থানার কমলপুর উমেশ চন্দ্র প্রাথমিক বিদ্যালয়ে মিড - ডে মিলের তরকারিতে টিকটিকি পাওয়া যাওয়ায় তীব্র আতঙ্ক ছড়িয়েছে অভিভাবকদের মধ্যে।কাউকে হাসপাতালে ভর্তি করতে না হলে ও কয়েকজন শিশু এই খাবার খায়।ফলে শরীর খারাপের আতঙ্ক রয়েছে তাদের পরিবারের মধ্যে। বিষয়টি নজরে আসতে তড়িঘড়ি স্কুল ছুটি দিয়ে দেন স্কুলের প্রধান শিক্ষক । অভিভাবকরা এই ঘটনায় তীব্র ক্ষোভ উগরে দেন স্কুলের শিক্ষক শিক্ষিকাদের বিরুদ্ধে। স্কুল কর্তৃপক্ষ দাবি করেছেন এই ঘটনার কথা জানিয়ে স্থানীয় হাসপাতাল ও স্বাস্থ্য কেন্দ্রের সঙ্গে কথা বলে রাখা হয়েছে। ছাত্র-ছাত্রী শারীরিক অসুবিধা হয় তাদেরকে সেখানে ভর্তি করা হবে। কিন্তু স্কুলের মিড ডে মিলের তরকারিতে কি করে টিকটিকি এল তা নিয়ে তদন্ত দাবি



করেছেন সকলে। খাবারগুলি রান্না করার পর আর ঢাকা অবস্থায় রাখার অভিযোগ উঠেছে।

অন্যদিকে, পূর্ব মেদিনীপুর জেলার চন্ডিপুরে প্রায় ৩০ হাজার লিটার চোরাই কেরোসিন তেল বাজেয়াপ্ত করল জেলা এনফোর্সমেন্ট শাখা।সূত্র মারফত জানা গেছে, ১৭ ই ফেব্রুয়ারি বিকাল ৫টা নাগাদ পূর্ব মেদিনীপুর ডিস্ট্রিক্ট এনফোর্সমেন্ট ব্রাঞ্চ-এর আধিকারিকগণ নির্ভরযোগ্য সূত্রে খবর পেয়ে চন্ডিপুর থানার নন্দপুর বাস স্টপেজের উল্টোদিকে এড়াশাল মৌজাস্থিত এক ব্যক্তির বাড়িতে হানা দেয়। খবর পেয়ে অভিযুক্ত ব্যক্তি পালিয়ে যায়। চন্ডিপুর থানা সংলগ্ন ১১৬বি জাতীয় সড়কে তেল বোঝাই দুটি ট্যাঙ্কার আটক করা হয়।সূত্র মারফত আরো জানা গেছে, ওই ব্যক্তি নীল রঙের কেরোসিন তেল চুরি করে বাড়িতে এনে বিশেষ ধরণের রাসায়নিক মিশিয়ে নীল রং ভ্যানিশ করতো। ওই বিবর্ণ কেরোসিন তেল ট্যাঙ্কার বোঝাই করে বাইরে পাচার করত। জানা গেছে, ওই ব্যক্তি দীর্ঘদিন ধরে এই কাজ করে আসছিল। পূর্ব মেদিনীপুর জেলা এনফোর্সমেন্ট ব্রাঞ্চের তরফে ধাওয়া করে অবশেষে এই চোরা কারবার পাকড়াও করতে সক্ষম হয়েছে । জেলা এনফোর্সমেন্টের পদস্থ আধিকারিক সহ ডিসপি হেডকোয়ার্টার ও অন্যান্য গুরুত্বপূর্ণ আধিকারিকের উপস্থিতিতে চোরাকারবারির বাড়িটি সিল করা হয় এবং তেলট্যাঙ্কার-এর দুজন ড্রাইভার এবং দুজন সহযোগী সমেত মোট চারজনকে আটক করা হয় । সেইসঙ্গে জেলা এনফোর্সমেন্টের তরফে দুটি ট্যাঙ্কার ও বেশকিছু ড্রামসহ প্রায় ২৫-৩০ হাজার লিটার কেরোসিন তেল বাজেয়াপ্ত করা হয় এবং নীল রঙের তরল পরীক্ষাগারে পাঠানোর ব্যবস্থা করা হয় ।

এই ঘটনায় এলাকাবাসীদের মধ্যে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে।

# রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থাকে দেশের কাছে মডেল হিসেবে গড়ে তোলার উদ্দেশ্যে মেডিক্যাল এক্সপো

**এম মেহেদী সানি ● কলকাতা**

**আপনজন:** রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থাকে সারা দেশের কাছে মডেল হিসেবে গড়ে তুলতে এবং আধুনিকীকরণের লক্ষ্যে অভিনব উদ্যোগ গ্রহণ করা হয়েছে। চিকিৎসা ক্ষেত্রের বিভিন্ন আধুনিক সরঞ্জাম নিয়ে কলকাতার সায়েন্স সিটি সংলগ্ন বিশ্ববাংলা মেলা প্রাঙ্গণে অনুষ্ঠিত হল মেডিক্যাল-ইনস্ট্রুমেন্ট প্রদর্শনী। তিনদিনের ওই মেলায় ভারতের বিভিন্ন রাজ্যের মেডিক্যাল যন্ত্রপাতি প্রস্তুতকারীরা উপস্থিত হয়েছিলেন। চেন্নাই, বেঙ্গালুরু, মুম্বই, দিল্লি, কলকাতা-সহ বিভিন্ন রাজ্যের সংস্থাগুলি তাদের উৎপাদিত মেডিক্যাল-ইনস্ট্রুমেন্ট নিয়ে হাজির হন। কলকাতার মেডিকেল এক্সপো'য় চিন, থাইল্যান্ড, শ্রীলঙ্কা, প্রভৃতি দেশ থেকেও একাধিক সংস্থা অংশগ্রহণ করে । মেলায় স্টল গুলি সাজানো ছিল চিকিৎসা ক্ষেত্রের




অত্যাধুনিক চিকিৎসা সরঞ্জামের সম্ভারে। কলকাতা-সহ রাজ্য, ভিন রাজ্যের হাসপাতালের কর্মকর্তা, টেকনোলজিস্টদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। চিকিৎসকদের অনেকেই মেলায় উপস্থিত হন । তাঁরা হেলথ কেয়ার কর্মশালা, ইভেন্ট ও হাসপাতালের প্রয়োজনীয় যন্ত্রপাতি সহ রকমারি জিনিস প্রদর্শন করেন। অনেকেই প্রয়োজন মতো জিনিস কিনে নিয়েও যান। আগামী দিনে রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থাকে সারা দেশের কাছে মডেল হিসেবে গড়ে তোলার ব্যাপারে আশাপ্রকাশ করেন মেডিকেল এক্সপো'র অন্যতম উদ্যোক্তা ও অল বেঙ্গল প্রাইভেট নার্সিংহোম এবং হসপিটাল অ্যাসোসিয়েশনের মলয় পিট । তিনি বলেন, আগামী দিনে দেশের মধ্যে কলকাতা তথা পশ্চিমবঙ্গের স্বাস্থ্য ব্যবস্থাকে আধুনিক করতে চাই । সেই লক্ষ্যেই ওয়েস্ট বেঙ্গল মিডিয়া ফোরামের উদ্যোগে এই মেলার আয়োজন করা হয় । তিনি বলেন, অদূর ভবিষ্যতে রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থা এমন পর্যায়ে উন্নত হবে, যখন উত্তর-পূর্ব ভারত থেকে শুরু করে বাংলাদেশের সমস্ত মানুষ চিকিৎসার জন্য কলকাতায় ছুটে আসবেন । অল বেঙ্গল প্রাইভেট নার্সিংহোম ও হসপিটাল অ্যাসোসিয়েশনের উপদেষ্টা মুহাম্মদ বাকিবিল্লাহ বলেন, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সময়ে রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার অনেকটাই উন্নয়ন হয়েছে । রাজ্যের প্রতিটি মানুষ চিকিৎসার সুযোগ পাচ্ছেন সরকারি হাসপাতালে। স্বাস্থ্যসাথী কার্ডের মাধ্যমে বেসরকারি হাসপাতালেও চিকিৎসা করাতে পারছেন দুঃস্থ পরিবারগুলোও। মোট কথা সবার জন্যই সুচিকিৎসার ব্যবস্থা করেছেন মুখ্যমন্ত্রী। এই ধরনের প্রদর্শনীর ফলে স্বাস্থ্য ব্যবস্থা আরও উন্নত হবে।

# দেবোত্তর সম্পত্তি দখলের অভিযোগ প্রাক্তন পঞ্চায়েত সদস্যের বিরুদ্ধে

**নিজস্ব প্রতিবেদক ● হাওড়া**

**আপনজন:** গ্রাম্য দেবস্থানের জমি দখলের অভিযোগ প্রাক্তন পঞ্চায়েত সদস্যের। ঘটনা ঘিরে মঙ্গলবার দিনভর ব্যাপক উত্তেজনা এলাকায়। ঘটনা পুরুলিয়া দু'নম্বর ব্লকের ভাগবাঁধ গ্রামে। পুরুলিয়া দু'নম্বর ব্লক অফিসের গ্রামবাসীদের একাংশ অভিযোগ জানানোর পরই গ্রামে ব্যাপক উত্তেজনা ছড়ায়। পুরুলিয়া দু'নম্বর ব্লক এলাকার ভাগাবাঁধ গ্রামেরই বাসিন্দা তথা প্রাক্তন পঞ্চায়েত সদস্য লালমোহন মাহাতো পূর্ব পুরুষদের গ্রাম্য দেবস্থানের ( ভানসিং মেলার ) জমি দখল করে বাড়ি নির্মাণের কাজ শুরু করেছে বলে গ্রামবাসীরা জমি উদ্ধারের দাবি জানিয়ে ব্লক অফিসে লিখিত অভিযোগ করেন । ঘটনা জানাজানির পরই গ্রামে ব্যাপক উত্তেজনা ছড়ায় ওই এলাকায়। দেবস্থান জায়গাতেই



শুরু হয় দু পক্ষের মধ্যে তুমুল বাক-বিতণ্ডা। গ্রামের বাসিন্দা সদানন্দ মাহাতো, কিংকর কর্মকার, বংশীধর রাজোয়াড়, দুঃখভঞ্জন রাজোয়াড়, বলরাম রাজোয়াড়, হরিপদ মাহাতোদের দাবি ওই প্রাক্তন পঞ্চায়েত সদস্য জবরদখল করে গ্রাম্যদেবতার পূজার জন্য থাকা জায়গা দখল করে বাড়ি নির্মাণ করছেন। অন্যদিকে অভিযুক্ত লালমোহন মাহাতো দেবস্থান জবর দখলের অভিযোগ অস্বীকার করলেও সরকারি জায়গার উপর তিনি যে বাড়ি বানাচ্ছেন তা স্বীকার করেছেন। ঘটনা ঘিরে ব্যাপক উত্তেজনা ছড়ায়। যদিও পুরুলিয়া ২ নম্বর পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি কৃত্তিবাস মাহাতো ঘটনার প্রশাসনিক তদন্ত চেয়েছেন।

# বহরমপুর থানার পুলিশের হাতে গ্রেফতার নবগ্রামের সিভিক পুলিশ

**আসিফ রনি ● বহরমপুর**

**আপনজন:** নামে সিভিক ভলান্টিয়ার! অথচ তাঁর বিরুদ্ধেই একাধিক অভিযোগ? মুর্শিদাবাদে সিভিক ভলান্টিয়ারের কীর্তি ফাঁস হতেই ঘটনাকে ঘিরে ছড়িয়েছে চাঞ্চল্য। উঠেছে নিন্দার ঝড়।বহরমপুর থানার পুলিশের হাতে গ্রেপ্তার নবগ্রাম থানার সিভিক ভলেন্টিয়ার। জানা যায় সোমবার রাতে বহরমপুর থানার পুলিশ তাকে গ্রেফতার করেছে। পুলিশ জানিয়েছে, ধৃত ওই সিভিক ভলান্টিয়ারের নাম সুমন সরকার। বাড়ি নবগ্রামের খুজারডাঙা গ্রামে। সে নবগ্রাম থানার সিভিক ভলান্টিয়ার। পুলিশ সূত্রে জানা গিয়েছে, দিন পনেরো আগে বহরমপুরের সিকেন্দার আলি নামে




এক পরিচিতর কাছে থেকে একটি মোটরবাইক নিয়েছিল সুমন। তারপরে বারবার বললেও সেই বাইক ফেরত দিচ্ছিল না অভিযুক্ত। অতঃপর সিকেন্দার বহরমপুর থানায় এসে সুমনের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেন। পুলিশ সুমনের বিরুদ্ধে মামলা করে। সোমবার রাতে তাকে গ্রেফতারও করেছে। মঙ্গলবার ধৃতকে আদালতে তোলা হলে পাঁচ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছেন বিচারক। বহরমপুর থানার আইসি উদয়শঙ্কর ঘোষ বলেন, "বিশ্বাসভঙ্গের অভিযোগে ওই সিভিক কর্মীকে গ্রেফতার করা হয়েছে।" পুরো বিষয় খতিয়ে দেখছে পুলিশ।

**ছড়িয়ে-ছিটিয়ে**

## পাঁচ কুইন্টাল লোহার বার সহ দুই ব্যক্তি ধৃত



**সেখ রিয়াজুদ্দিন ● বীরভূম**

**আপনজন:** বীরভূম জেলা পুলিশের বড়সড়ো সাফল্য। বীরভূম জেলার সীমান্তবর্তী ঝাড়খন্ড রাজ্যের দিকদিয়ে বিভিন্ন সময়ে বিভিন্ন ধরনের পাচার থেকে শুরু করে অপরাধীরা পর্যন্ত রাজনগর থানা এলাকার মধ্যে প্রবেশ করে। উল্লেখ্য গত রবিবার রাতে রাজনগর থানার অন্তর্গত ঝাড়খণ্ড সীমান্তবর্তী ফুলবাগানের কাছে চুরির উদ্দেশ্যে লোহার রড, ভোজালি,দড়ি হাতে থাকা অবস্থায় দুই ব্যক্তিকে গ্রেফতার করে রাজনগর থানার পুলিশ। এবার ফের উক্ত এলাকা থেকেই পিকআপ ভ্যান ভর্তি চুরির লোহার বার সহ দুই পাচারকারীকে আটক করে রাজনগর থানার পুলিশ। জানা যায় সোমবার রাত্রি প্রায় পৌনে দশটা নাগাদ রাজনগর থানার এএসআই মদন সরকার সহ অন্যান্য পুলিশ কর্মীরা ঝাড়খন্ড সীমান্তবর্তী এলাকা রাজনগর থানার অন্তর্গত ফুলবাগান নামক স্থানে নাইট ডিউটি করেছিলেন । সে সময়ই দ্রুত বেগে লোহার বার ভর্তি একটি পিকআপ ভ্যান ঝাড়খণ্ডের দিক থেকে রাজনগরের দিকে আসছিল। যাহা দেখে পুলিশের সন্দেহ হয়। সেই হিসেবে পুলিশ গাড়ি চালক এর কাছে প্রয়োজনীয় কাগজপত্র দেখতে চাইলে তারা কাগজপত্র দেখাতে পারেনি। পুলিশ গাড়িতে থাকা দুই ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করে জানতে পারে ঝাড়খন্ড থেকে লোহার বার গুলি চুরি করে নিয়ে যাওয়া হচ্ছিল। পুলিশ লোহার বার গুলি বাজেয়াপ্ত এবং দুই ব্যক্তিকে গ্রেফতার করে। মঙ্গলবার ধৃতদের সিউড়ি আদালতে তোলা হয়। ধৃতরা দুজনেই ঝাড়খণ্ডের বাসিন্দা বলে পুলিশ সূত্রে জানা গেছে।

# বায়োকেমিক মেডিকেল কলেজে হোমিও চিকিৎসা গ্রহণের আহ্বান সেমিনারে

**নিজস্ব প্রতিবেদক ● হাবড়া**

**আপনজন:** উত্তর ২৪ পরগনা জেলার হাবড়া বায়োকেমিক মেডিকেল কলেজ এন্ড হাসপাতালে অনুষ্ঠিত হল স্বাস্থ্য বিষয়ক বার্ষিক আলোচনা সভা। হোমিওপ্যাথি চিকিৎসায় সাধারণ মানুষকে আগ্রহী করে তুলতে এদিন বিশেষজ্ঞ ডাক্তারবাবুরা বক্তব্য রাখেন। কলেজের প্রাক্তন এবং বর্তমান শিক্ষার্থীরা ওই সেমিনারে অংশ নেন। জানা গিয়েছে, ১৯৮১ সালে প্রতিষ্ঠিত হাবড়া বায়ো-কেমিক মেডিকেল কলেজ ও হাসপাতালে ১২ টি কোর্স চালু রয়েছে। যেখানে পাঠদান করেন অভিজ্ঞ ডাক্তার বাবুরা। কলেজের অধ্যক্ষ ডাঃ এ কর জানান '১৯৮১ সালে এই প্রতিষ্ঠানটি সূচনা হয়। দীর্ঘ ৪৫ বছরে কয়েক হাজার শিক্ষার্থী স্বাস্থ্য ক্ষেত্রে বিভিন্ন কোর্স করে স্বনির্ভর হয়েছে। কেন্দ্রীয় সরকার স্বীকৃত 'ভারত সেবক সমাজ' সংস্থার আওতায় এখানে একাধিক কোর্স চালু রয়েছে।' এদিন বার্ষিক




সেমিনারে হোমিওপ্যাথিতে বিভিন্ন চিকিৎসা পদ্ধতি নিয়ে আলোচনা হয়। কলেজের হোমিওপ্যাথির বিভিন্ন কোর্সের চূড়ান্ত পরীক্ষায় সফল হওয়া শিক্ষার্থীদের মানপত্র প্রদান করা হয়। সেমিনারে মেট্রোপলিটন মেডিকেল কলেজের প্রফেসর ডাঃ স্বপন ঘোষ হোমিওপ্যাথি চিকিৎসায় এলার্জি এবং ব্রঙ্কাইটিস নিয়ে আলোচনা করেন, 'হোমিওপ্যাথিতে সার্জারি' বিষয় নিয়ে আলোচনা করেন ডা. জি সি রায়, বক্তব্য রাখেন হাবড়া বায়ো-কেমিক মেডিকেল কলেজর অধ্যক্ষ ডাঃ এ কর। এদিনের সেমিনার থেকে মানুষের সুস্থতার জন্য হোমিওপ্যাথি চিকিৎসা গ্রহণের আহ্বান জানানো হয়।

# অসুস্থ পরীক্ষার্থী বেড়ে বসেই দিল পরীক্ষা

**সুরজীৎ আদক ● হাওড়া**

**আপনজন:** মঙ্গলবার মাধ্যমিক পরীক্ষার দিন আমতা জয়পুরের ঘনশ্যামচকের জাসমিরা খাতুন আমতা-২ নং ব্লকের জয়পুরের মেনকা স্মৃতি বিদ্যামন্দিরে মাধ্যমিক পরীক্ষা চলাকালীন হঠাৎই অসুস্থ হয়ে পড়ে।এরপর ওই পরীক্ষার্থীকে জয়পুর থানার ওসি সুমন্ত দাসের সহযোগিতায় আমতা জয়পুরের বিবিধর গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়, সেখানেই পরীক্ষা দিল ওই ছাত্রী। অসুস্থ পরীক্ষার্থীর নাম জাসমিরা বেগম। হাসপাতালের




পক্ষ থেকে জানানো হয়েছে, ওই ছাত্রীর শারীরিক অবস্থা স্থিতিশীল রয়েছে। স্কুল কর্তৃপক্ষ, জয়পুর থানার পুলিশ এবং হাসপাতাল কর্তৃপক্ষের উপস্থিতিতেই হাসপাতাল বেড়ে বসেই পরীক্ষা দিল ওই ছাত্রী।

# উচ্চমাধ্যমিক ২০২৫ শেষ মুহূর্তের প্রস্তুতি: ভূগোল



**ভূমিরূপ প্রক্রিয়া-**
ভৌম জলের কার্য ও সংশ্লিষ্ট ভূমিরূপ -
◆কাস্ট অঞ্চলের ক্ষয়জাত ও সঞ্চয়জাত ভূমিরূপ গুলি আলোচনা করো।
◆আর্টেজীয় কূপের উৎপত্তি আলোচনা কর।
◆ স্টালাকটাইট ও স্টালাকমাইট এর পার্থক্য লেখ।
◆ কাস্ট অঞ্চলে অনুর্বর হয় কেন।
◆ প্রস্রবনের শ্রেণীবিভাগ লেখ।
◆ গিজার সৃষ্টির কারণগুলি লেখ।
◆ অ্যাকুইফার এর শ্রেণীবিভাগ কর।
◆মুক্ত আকুইফার ও বদ্ধ আকুইফার এর পার্থক্য লেখ।
◆ সিংক হোল ও ডোলাইন পার্থক্য লেখ।
◆ আকুইক্লুড ও আকুইটার্ড পার্থক্য লেখ।
◆আকুইফার ও আকুইক্লাড পার্থক্য লেখো।
সামুদ্রিক প্রক্রিয়াসমূহ ও সংশ্লিষ্ট ভূমিরূপ-
◆ রিয়া ও ফিয়ার্ড উপকুলের পার্থক্য লেখ ।
◆সম্মুখ তটভূমি ও পশ্চাৎ তটভূমির পার্থক্য লেখ।
◆ উত্থিত উপকূল ও নিমজ্জিত উপকূলের পার্থক্য লেখ।
◆সমুদ্র তরঙ্গ ও সমুদ্র স্রোতের পার্থক্য লেখ।
◆সোয়াশ ও ব্যাক সোয়াশের পার্থক্য লেখ।
◆স্ট্যাক ও স্টাম্পের পার্থক্য লেখ।
◆প্রবাল প্রাচীর সৃষ্টির শর্ত লেখ।
◆প্রবাল প্রাচীর শ্রেণীবিভাগ গুলি আলোচনা করো।
◆সমুদ্র তরঙ্গের ক্ষয় কার্য দ্বারা সৃষ্ট ভূমিরূপ গুলি লেখ। ◆সমুদ্র তরঙ্গের সঞ্চয় কার্যের দ্বারা সৃষ্ট ভূমিরূপ গুলি লেখ।
ক্ষয়চক্র: গঠন প্রক্রিয়া
◆ ডেভিসের ক্ষয়চক্র মতবাদটি আলোচনা কর।
◆ পুনর্যৌবন লাভের ফলে সৃষ্ট ভূমিরূপ গুলি আলোচনা করো।
◆ পেনিপ্লেন ও পেডিপ্লেন এর পার্থক্ লেখো।
◆ স্বাভাবিক ও মরু ক্ষয়চক্রের পার্থক্য লেখ।
◆ মোনাডনক ও ইনসেলবার্জ এর পার্থক্য লেখ।

**জলনির্গম প্রণালী**
◆ ভূতাত্ত্বিক গঠনের সঙ্গে বিভিন্ন প্রকার জলনির্গ প্রণালী সম্পর্ক আলোচনা কর।
◆জাফরুপি ও বৃক্ষরূপী জলনির্গম প্রণালীর পার্থক্য লেখ।
◆জাফরুপী ও আয়তক্ষেত্র রুপি জলনির্গম প্রণালীর পার্থক্য লেখ।
◆কেন্দ্রমুখী ও কেন্দ্র বিমুখ জলনির্গম প্রণালীর পার্থক্য লেখ।
◆পূর্ববর্তী নদী ও অধ্যারোপিত নদী কাকে বলে।

**মৃত্তিকা**
◆ মাটি সৃষ্টি তে জলবায়ু প্রকৃতি আদিশীলার প্রভাব আলোচনা কর।
◆ অ্যালুভিয়েশন ও ইলুভিয়েশনের এর পার্থক্য লেখ।
◆ পেডোকাল মাটি ও পেডালফার মাটির পার্থক্য লেখ।
◆ আঞ্চলিক অন আঞ্চলিক মাটির পার্থক্য লেখ।
◆ বিভিন্ন বর্গের মাটির বৈশিষ্ট্য লেখ ( ভাটিসল মলিসল হিস্টোসল, অক্সিসল, এন্টিসল আন্ডিসল )
◆ মাটির পরিলেখ বিভিন্ন স্তর গুলির বিবরণ দাও।
◆ মাটির পরিলেখ কাকে বলে, মাটি সচ্ছিদ্রতার গুরুত্ব লেখো।
◆ মাটি সংরক্ষণের পদ্ধতিগুলি আলোচনা কর।

**বায়ুমণ্ডল**
◆ ক্রান্তিয় ঘূর্ণবাতের জীবনচক্র আলোচনা কর।
◆ নাতিশীতোষ্ণ ঘূর্ণবাতের জীবন চক্র আলোচনা কর।
◆ জেট বায়ু জীবন চক্র আলোচনা করো।
◆ ঘূর্ণবাত প্রতিপ ঘূর্ণবাতের পার্থক্য লেখ।
◆ উষ্ণ ও শীতল সীমান্তের পার্থক্য লেখ।
◆ ভারতের জলবায়ুতে জেট বায়ু প্রভাব আলোচনা কর।
◆ ত্রিকোশিয় মডেল আলোচনা কর।
◆ ক্রান্তীয় ও নাতিশীতোষ্ণ ঘূর্ণবাতের পার্থক্য লেখ।
জলবায়ুর শ্রেণীবিভাগ
◆ ভুমধ্য সাগরে জলবায়ুতে শীতকাল আদ্র হওয়ার কারণ কি।
◆ নিরক্ষীয় জলবায়ুর বৈশিষ্ট্য আলোচনা কর।

**জলবায়ু ও স্বাভাবিক উদ্ভিদ**
◆ স্বাভাবিক উদ্ভিদের উপর জলবায়ু প্রভাব আলোচনা কর।
◆ আলোপ্রেমী ও আলোক বিদ্বেষী উদ্ভিদের পার্থক্য লেখ।
◆ উষ্ণতা তারতম্যের অনুসারে স্বাভাবিক উদ্ভিদের শ্রেণীবিভাগ কর।
◆ জলজ উদ্ভিদের অভিযোজনগত বৈশিষ্ট্য লেখ।
◆ হ্যালো ফাইট উদ্ভিদের অভিযোজনগত বৈশিষ্ট্য লেখ।
◆ জেরোফাইট উদ্ভিদের অভিযোজনগত বৈশিষ্ট্য লেখ।
◆ জেরোফাইট উদ্ভিদের শ্রেণীবিভাগ কর।
◆ জলজ, জঙ্গল ও লবণাম্বু উদ্ভিদের পার্থক্য লেখ।

**জলবায়ু পরিবর্তন**
◆ গ্রীন হাউস এফেক্ট বা প্রভাব আলোচনা কর।
◆ গ্লোবাল ওয়ার্মিং এর কারণ আলোচনা কর।
◆ ওজোন স্তর সৃষ্টির কারণ লেখ.
◆ ওজোন স্তর ক্ষয়ের প্রভাব আলোচনা কর।
জীব বৈচিত্র
◆ জীব বৈচিত্রের গুরুত্ব লেখো
◆ জীববৈচিত্র সংরক্ষণের গুরুত্ব লেখো।
◆ক্রান্তিয় অঞ্চলে জীব বৈচিত্র্য অধিক কেন।
◆ইন সিটু ও এক্স সিটু সংরক্ষণের পার্থক্য লেখ।
◆ জীব বৈচিত্র সংরক্ষণের উপায় বা পদ্ধতি লেখ।
অর্থনৈতিক কার্যাবলী
◆কোয়াটারনারী ও কুইনারি ক্রিয়াকলাপের পার্থক্য লেখ.
কৃষিকাজ
◆ শস্য সমন্বয়ের বৈশিষ্ট্য ও উদ্দেশ্য লেখ.
◆ শস্য প্রগাঢ়তার গুরুত্ব লেখো।
◆ সবুজ বিপ্লবের প্রভাব লেখ
◆ শ্বেত বিপ্লবের সুফল বা উদ্দেশ্য লেখ.
◆ নীল বিপ্লবের উদ্দেশ্য বা গুরুত্ব লেখো
◆ আমেরিকা যুক্তরাষ্ট্রের গম চাষের উন্নতির কারণ লেখ.
◆ ভারতের/ উত্তরপ্রদেশে আখ চাষে উন্নতির কারণ লেখ.
◆ ব্রাজিলে আখ চাষের উন্নতির কারণ লেখো.
◆ ভারতে গম চাষের অনুকূল পরিবেশ
◆ ভারতের ডাল চাষের অনুকূল **পরিবেশ লেখ ও ডাল চাষের সমস্যা লেখ.**
◆ মিশরে কার্পাসের অনুকূল পরিবেশ লেখ.
◆ বাংলাদেশে পাট চাষের অনুকূল পরিবেশ লেখো.
◆ দক্ষিণ ভারতের কফি চাষের উন্নতির কারণ লেখ
◆ শ্রীলঙ্কায় চা চাষের উন্নতির কারণ লেখ
◆ চিনা বাদাম, সয়াবিন উৎপাদনের অনুকূল পরিবেশ লেখ।
◆ শ্রীলঙ্কায় নারকেল চাষের উন্নতির কারণ লেখ
◆ উদ্যান কৃষি বৈশিষ্ট্য লেখ
◆ ভারতে বর্তমানে বাজার বাগান কৃষি উদ্যান কৃষি উন্নতির কারণ লেখ.
◆ প্রগাঢ় বা নিবিড় কৃষি শ্রমনিবিড় বা জীবিকাভিত্তিক হয় কেন।
◆ নিবিড় কৃষিতে মাথাপিছু উৎপাদন কম কেন।।
◆ ভুমধ্য সাগরীয় অঞ্চলকে পৃথিবীর ফলের ঝুড়ি বলে কেন?
◆ জীবিকাভিত্তিক ও বাণিজ্যিক কৃষির পার্থক্য লেখ.
◆ আদ্র কৃষি ও শুষ্ক কৃষির **পার্থক্য লেখ.**

**শিল্প**
◆ ওয়েবারের মতামত অনুসারে শিল্পের অবস্থানের উপর কাঁচামালের প্রভাব লেখো।
◆ আইসোটিম, আইসোডপেন কাকে বলে.
◆ ক্রিটিকাল আইসোটোপেন ও পণ্যসূচক কাকে বলে.
◆ ভারতের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের সুবিধা অসুবিধা লেখো.
◆ ভারতের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের উন্নত কেন.
◆ ভারতের খাদ্য প্রক্রিয়া কোন শিল্পের সম্ভাবনা লেখ.
◆ আমেরিকার কার্পাস শিল্পের বন্টন ও উন্নতির কারণ গুলি লেখ।
◆ নিউ ইংল্যান্ড থেকে দক্ষিণ অঞ্চলের কার্পাসবয়ন শিল্পের স্থানান্ততর কারণ কি।
◆ ভারতে কার্পাসন শিল্পের বন্টন গুলি লেখ.
◆ ভারতের পশ্চিম অঞ্চলে কার্পাসন শিল্প উন্নতির কারণ কি.
◆ ভারতের রেডিমেড পোশাক শিল্প গড়ে ওঠার কারণ কি.
◆ ব্রাজিলের রবার শিল্পের সমস্যা গুলি লেখ ।
◆ ভারতের রেডিমেড বা বস্ত্র শিল্পের গতি প্রকৃতি আলোচনা কর.
◆ মালয়েশিয়ার রবার শিল্পে উন্নতির কারণ কি
◆ ভারতের পাট শিল্প সমস্যার সম্ভাবনা লেখ.
◆ কাঁচামালের অভাব থাকা সত্ত্বেও জাপান লৌহইস্পাত শিল্প উন্নত কেন।
◆ জাপানের অধিকাংশ লৌহ ইস্পাত শিল্প গুলো বন্দরকে কেন্দ্র করে গড়ে উঠেছে কেন.
◆ পূর্ব মধ্য ভারতের লৌহ ইস্পাত শিল্প গড়ে ওঠার কারণ কি.
◆ ভারতের রূঢ় কাকে বলা হয় ও কেন?
◆ ভারতে কাগজ শিল্প গড়ে ওঠার কারণ কি।
◆ কানাডা কাগজ শিল্প উন্নত কেন?
◆ ভারতে কাগজ শিল্পের সমস্যা, সম্ভাবনা লেখ।
◆ আমেরিকা যুক্তরাষ্ট্র পেট্রোরসায়ন শিল্পে উন্নত কেন.
◆ ভারতের পশ্চিম অঞ্চলে পেট্রোরসায়ান শিল্প গড়ে ওঠার কারণ কি.
◆ ভারতের পেট্রোরসন শিল্পের সমস্যা সম্ভাবনা লেখ.
◆ পেট্রারসায়ন শিল্পের গুরুত্ব আলোচনা কর.
আমেরিকা যুক্তরাষ্ট্রের ও ভারতে মোটর গাড়ি নির্মাণ শিল্প গড়ে ওঠার কারণ কি।
◆ ভারতের মোটর গাড়ি নির্মাণ শিল্পের সমস্যা সম্ভাবনা লেখ.
◆ ভারতের ম্যানচেস্টার কাকে বলে ও কেন?

**তৃতীয় চতুর্থ ও পঞ্চম স্তরের অর্থনৈতিক ক্রিয়াকলাপ -**
◆ আউটসোর্সিং কি, পরিবহনের দোলক নীতি কি, সোনালী চতুর্ভূজ কি, শিপিং লেন ও শিপিং লাইন কি, আন্তর্জাতিক বাণিজ্যের গুরুত্ব কি, ইন্টারনেটের ভূমিকা লেখ।
◆ উন্নয়নের জীবনরেখা কাকে বলা হয় ও কেন?
◆ রেলপথের গুরুত্ব লেখো.
◆ রজ্জুপথের গুরুত্ব লেখো

**জনসংখ্যা**
◆ জনঘনত্ব কি, জনস্বল্পতা কি, মানুষ জমি অনুপাত কি, মেধা প্রবাহ কি, পরিব্রাজন কি, জনাকীর্ণতা কি।
◆ উন্নত দেশের ও অনুন্নত দেশের বয়স লিঙ্গ পিরামিডের পার্থক্য লেখ।
◆ কাম্য জনসংখ্যা ও মানুষ জমি অনুপাতের পার্থক্য লেখ।
◆ জনঘনত্ব ও মানুষ জমি অনুপাতের পার্থক্য লেখ।
◆ জনস্বল্পতা ও জনাকীর্ণতার পার্থক্য লেখ.
◆ ভারতে অসম জন বন্টনের প্রাকৃতিক কারণ গুলি লেখ.
◆ বয়স লিঙ্গ পিরামিডের গুরুত্ব লেখো.
◆ ভারতের জনসংখ্যা বৃদ্ধির কারণ লেখ.
◆ জনসংখ্যা বন্টনে পরিব্রাজনের প্রভাব লেখ.

**জনবসতি**
◆ স্যাটেলাইট টাউন কি, হ্যামলেট কি, শুষ্ক বিন্দু ও জলবিন্দু বসতি কি, সেনসাস গ্রাম ও শহর কাকে বলে , কেন্দ্রীয় বাণিজ্য অঞ্চল কাকে বলে, গ্রাম শহর বা রারবান কি,
◆ গোষ্ঠীবদ্ধ বা সঙ্ঘবদ্ধ বসতি গড়ে ওঠার কারণ গুলি লেখ।
◆ বিক্ষিপ্ত বসতি গড়ে ওঠার কারণ গুলি লেখ.
◆ রৈখিক বসতি গড়ে ওঠার কারণ গুলি লেখ.
◆ পৌর বসতির কার্যকলাপ গুলি আলোচনা করো.
◆ গ্রামীণ বসতির কার্যকলাপ গুলি লেখ
◆ গোষ্ঠীবদ্ধ বিক্ষিপ্ত বসতির **পার্থক্য লেখ**
◆ নগরায়নের সমস্যা গুলি লেখ
◆ বিক্ষিপ্ত ও রৈখিক বসতির পার্থক্য লেখ।
◆ গ্রামীণ ও পৌর বসতির পার্থক্য লেখ

**আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন**
◆ পরিকল্পনা অঞ্চলের বৈশিষ্ট্য গুলি লেখ
◆ বৃহৎ ও ক্ষুদ্র অঞ্চলের পার্থক্য লেখ ।
◆ বাহ্যিক ও ক্রিয়া মুলক অঞ্চলের পার্থক্য লেখ।
◆ বেঙ্গালুরু ইলেকট্রনিক্স শিল্প উন্নত কেন.
◆ হলদিয়া বন্দর গড়ে ওঠার কারণ লেখ
◆ হলদিয়া বন্দরে গুরুত্ব লেখো
◆ ছত্রিশগড়ের পিসি খনিজ সম্পদ ও শিল্প লেখ।

*প্রস্তুত করেছেন:*
*সৌনাভ মান্না*
*লেখক ও প্রিন্সিপাল, সাউথ পয়েন্ট ইনস্টিটিউট ( সিনিয়র সেকেন্ডারি), হাওড়া*

# মেডিক্যাল কলেজের বিএসসি নার্সিং (প্রথম সেমিস্টার) বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য সমাজতত্ত্বের কিছু সাজেশন মূলক প্রশ্ন: ২০২৫



**জয়দেব বেরা**
(অতিথি অধ্যাপক, সমাজতত্ত্ব, গভর্মেন্ট কলেজ অফ নার্সিং, শরৎ চন্দ্র চট্টোপাধ্যায় গভর্মেন্ট মেডিক্যাল কলেজ এন্ড হসপিটাল, উলুবেড়িয়া এবং মাতঙ্গিনী গভর্নমেন্ট কলেজ অফ নার্সিং, তমলুক)

A. Answer the following questions (very short) : (Marks-2)
1.Define sociology.
2. Define community.
3. What is personal disorganization?
4.Define social group.
5.Difference between society and community.
6. What is quasi group?
7.Define cooperation and competition.
8.Define socialization.
9.Rural/Village community.
10.Difference between culture and civilization.
11.What is isolation?
12.What is social stratification?
13.Define caste system.
14.What is class?
15.Differentiate between caste and class system?
16.Social Organization.
17.What is social system?
18.What is poverty?
19.What is juvenile delinquency?
20.What is association and institution?

B) Answer the following questions (Short Notes) : (Marks -5)
1.Society and Social disorganization.
2.Prostitutions and HIV.
3.Substance abuse/Addiction.
4.Accommodation & Assimilation.
5.Child labour and Dowry.
6.Differential between primary & secondary groups.
7.Discuss the health problems in rural and urban community.
8.Describe various functions of family.
9.Describe various types of family.
10.Discuss the various legislation and custom on marriage in India.
11.What is race? Describe criteria for racial classification.
12.Explain role of nurse in reducing social problems and enhancing coping among individuals and groups.
13.What are the definition and functions of clinical sociology?
14.Vulnerable group(Elderly, Handicapped,Sc,ST & Minority).
15.Discuss the merits & demerits of caste system in India.

C) Answer the following questions (Long Essay): (Marks -10)

1.Define cultural lag.Various types of social processes.
2.What is social group? Discuss briefly the classification of social group.
3.What is culture?How does culture influence on health and disease of man?
4.Define family. Briefly discuss influence of family, marriage on health and health practices.
5.What do you mean by social mobility? What are the types of social mobility with example?
6.Difference between nuclear and joint family.Write a brief note on the influence of class,caste and race system on the health.
7.Define Marriage.What are the types of Marriage?
8.What is social control? Explain the formal and informal means of social control/major agencies of social control.
9.Define illiteracy.Diversity & Uniformity of culture.
10.Difine social change. Agencies of Socialization.

সংগ্রহ করে রাখার মতো সংকলন




মূল্য: মাত্র ৩৫০/-টাকা (ডাক খরচ সহ)

আর দেরি নয় এখনই অর্ডার করুন

যাদের লেখায় সমৃদ্ধ হয়েছে রবি-আসর ইয়ার বুক ২০২৫

প্রবন্ধ/নিবন্ধ
খাজিম আহমেদ
ড. দিলীপ মজুমদার
ড. শামসুল আলম
ড. মুহাম্মদ রিয়াজ
ড. শেখ কামাল উদ্দীন
ইশহাক মাদানী
মহ. মোসাররাফ হোসেন
আসমা তাহরিন
পাশারুল আলম
ড. নূরুল ইসলাম
ডা. শামসুল হক
ড. রমজান আলি
ফৈয়াজ আহমেদ
ড. মুহাম্মদ ইসমাইল
সোনা বন্দ্যোপাধ্যায়
এম ওয়াহেদুর রহমান
সনাতন পাল
সজল মজুমদার
ফারুক আহমেদ
সামজিদা খাতুন
জয়দেব বেরা
ড. রামিজ রাজা
মোঃ সাহিদুল ইসলাম
কাজী মোহাম্মাদ শেরিফ
কাজী খায়রুল আনাম
আতাউর রহমান খসরু
তন্ময় সিংহ
মুদাসসির নিয়াজ
প্রিন্স বিশ্বাস
পাভেল আখতার
মনিরুজ্জামান (বিটু)
রবিদাস
সেখ আব্বাসউদ্দিন
শেখ মফেজুল
ড. শান্তনু পান্ডা
আতিকুর রহমান
এম মেহেদী সানি
ইয়েসমিন খাতুন
জাইদুল হক
অধ্যাপক আজাবুল বিশ্বাস
সৌরভ মন্ডল
ড. মনোজ গুহ
গল্প/অণুগল্প
মোহাম্মদ কাইকুবাদ আলি
গোলা মোস্তফা মুনু
তাসলিমা খাতুন
জহির-উল-ইসলাম
শংকর সাহা
রাজু আহমেদ
সেখ আব্দুল মান্নান
আহমেদ কাউসার
তাপস কুমার বর
আসগার আলি মণ্ডল
ওয়াসিম পারভেজ
শীলা সোম
কনক কুমার প্রামাণিক
মোবারক মন্ডল
গোপা সোম
বিচিত্র কুমার
শাহানাজ
রুশো আরভি
ফারুক আহম্মেদ
সিরাজুল ইসলাম ঢালী
সেখ মফেজুল
কেতকী মির্জা
মো. আবদুর রহমান
সামসুন নিহার
কবিতা/ছড়া-ছড়ি
এম মেহেদী সানি
আবদুল করিম
অশোক পাল
শিবশঙ্কর দাস
মোঃ রহমত আলী
আব্দুল মুকিত মুখতার
শিখা খাতুন
আমিনুর ইসলাম
মহঃ মোসাররাফ হোসেন
সুমাইয়া সুলতানা
মহসীন মল্লিক
সুচিত চক্রবর্তী
সুরাবুদ্দিন সেখ
সৈয়দুল ইসলাম
অশোক কুমার হালদার
জুলফিকার আলি মিদ্দে
বাহাউদ্দিন সেখ
আসগার আলি মণ্ডল
শীলা সোম
রমি রেজা
মোঃ ইজাজ আহামেদ
এম ওয়াহেদুর রহমান
জয়দীপ রায় চৌধুরী
ডা. সানাউল্লাহ আহমেদ
লিজা খাতুন
গোপা সোম
আজিবুল সেখ
সৌমেন্দু লাহিড়ী
সামজিদা খাতুন
সিরাজুল ইসলাম ঢালী
সোমা পাল
আজিবুল সেখ
কেতকী মির্জা
বাপি ফকির (প্রতিবন্ধী)
ড. মো. বদরুল আলম
ফজলুর রহমান মণ্ডল
অশোক কুমার হালদার
মুস্তাফিজুর রহমান
প্রিয়া চ্যাটার্জি
সুচিত চক্রবর্তী
রমি রেজা
কলিকা মণ্ডল
মুসাফির মল্লিক
সেহেরিন আফতার
সাহরুখ মোল্লা
আবদুল মুকিত মুখতার (লন্ডন থেকে)
মো. আল আমিন বিশ্বাস
মুস্তাফিজুর রহমান
তাসলিমা খাতুন
মির মহ. ফিরোজ

আপনজন পাবলিকেশন
৬ কিড স্ট্রিট, কলকাতা-৭০০০১৬

যোগাযোগ করুন এই নম্বরে
৭০০৩১ ৮৭৩১২
৯৭৪৮৮৯২৯০২

# এ এক স্বপ্নের ঠিকানা

DEVELOPED BY next GENERATION HOUSING PRIVATE LIMITED

# THE ECO PALACE

প্রেসিডেন্সি, আলিয়া, সেন্ট-জেভিয়ার্স, অ্যামিটি, টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটি দু কিলোমিটারের মধ্যে। হাঁটা দূরত্বে ডিপিএস নিউটাউন স্কুল, ডিএলএফ-২, মেডিসিন শপ। TCS, গীতাঞ্জলী, Eco Space, মেট্রো স্টেশনের সন্নিকটে।



বিশ্ব বাংলা গেটের পাশেই

## সমস্ত আধুনিক সুবিধা

■ সুইমিং পুল ■ ক্লাব হাউস ■ জিম ■ ডক্টরস চেম্বার ■ চিলড্রেন্স পার্ক ■ লেডিস পার্ক ■ সিনিয়র সিটিজেন পার্ক ■ ডিপার্টমেন্টাল স্টোর ■ প্লে-স্কুল ■ ফ্যামিলি ক্যান্টিন ও সেলুন।

RERA Applied and Loan Facility available

**10 TOWERS**

**220+FLATS**

**2+ ACRES LAND 50% OPEN SPACE**



**CONTACT US**

**9830405211 | 8910306750 | 9007369234 | 8910055804**

বালিগড়ি, ইউনিটেক আইটি সেজ, অ্যাকশন এরিয়া-II, নিউ টাউন, কলকাতা-৭০০১৫৬

# রিয়াল-আতলেতিকোকে পেছনে ফেলে সবার উপরে বার্সা



**আপনজন ডেস্ক:** রিয়াল মাদ্রিদ এবং আতলেতিকো মাদ্রিদ মঞ্চটা তৈরি করেই দিয়েছিল। বার্সেলোনার প্রয়োজন ছিল শুধু নিজেদের কাজটা ঠিকঠাক করা। গতকাল রাতে রায়ো ভায়েকানোর বিপক্ষে ১-০ গোলের জয়ে সেই কাজটা বেশ ভালোভাবেই সেরেছে হান্সি ফ্লিকের দল।
রবার্ট লেভানডফস্কির পেনাল্টি গোলে পাওয়া এই জয়ে লা লিগার পয়েন্ট তালিকার শীর্ষে উঠে এসেছে বার্সা। আর সেই সঙ্গে লা লিগার রোমাঞ্চও দারুণভাবে জমিয়ে তুলেছে তারা।
শনিবার রাতে দুই নগরপ্রতিদ্বন্দ্বী রিয়াল ও আতলেতিকো নিজেদের ম্যাচে পয়েন্ট হারানোয় বার্সার সামনে সুযোগ এসেছিল শীর্ষে ওঠার। ভায়েকানোর বিপক্ষে ম্যাচে অবশ্য সংগ্রাম করতে হয়েছে বার্সাকেও। বার্সার আক্রমণের বিরুদ্ধে ভায়েকানো প্রতিরোধ গড়েছিল বেশ। তবে এর মধ্যেই ম্যাচের ২৬ মিনিটে পেনাল্টি পায় বার্সা। স্পট কিকে ভুল করেননি লেভা।
গোল করে এগিয়ে দেন দলকে। এই গোলের পর দুই দলই চেষ্টা করেছে ম্যাচে আধিপত্য প্রতিষ্ঠার। এমনকি ভায়েকানো একপর্যায়ে সমতা প্রায় ফিরিয়েই ফেলেছিল, কিন্তু অফসাইডের ফাঁদে বাতিল হয় সেই গোল। এরপর ম্যাচের বাকি সময় চেষ্টা করেও আর কোনো গোলের দেখা পায়নি দুই দল। ম্যাচ শেষ হয় বার্সার ১-০ গোলের জয়ে। এ ২০২৫ সালে ১২ ম্যাচ খেলে এখন পর্যন্ত অপরাজিতই থাকল কাতালান পরাশক্তিরা।
এই জয়ে তিন সপ্তাহ আগেও রিয়ালের চেয়ে ৭ পয়েন্টে পিছিয়ে থাকা বার্সা উঠে এল শীর্ষে । ২৪ ম্যাচে বার্সার পয়েন্ট ৫১। সমান ম্যাচে রিয়ালের পয়েন্টও ৫১। কিন্তু গোল ব্যবধানে রিয়ালের (+২৯) চেয়ে অনেকটাই এগিয়ে আছে বার্সা (+৪০)।
কষ্টে পাওয়া এই জয় নিয়ে বার্সা কোচ ফ্লিক বলেছেন, ‘খেলোয়াড়দের অনেক কষ্ট করতে হয়েছে। তবে শেষ পর্যন্ত আমরা আনন্দিত। আমাদের নতুন অবস্থান নিয়ে সবাই খুশি। আমার মনে হয়, আমরা খুব ভালো খেলেছি। যদিও আমার ধারণা আমরা আরও ভালো খেলতে পারতাম।’
শীর্ষে ওঠার আনন্দ থাকলেও সেটা ধরে রাখা যে চ্যালেঞ্জিং সেটিও মনে করিয়ে দিলেন ফ্লিক, ‘এটা অনেক লম্বা রাস্তা। আমরা ভক্তদের জন্য খুবই খুশি। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো শেষ পর্যন্ত লড়াই করা। শীর্ষে ওঠার বিষয়টা কিছুই না যদি আমরা লড়াই অব্যাহত না রাখি।’

# ভারতের ৪০ বছর আগের রেকর্ড ভেঙে দিল আমেরিকা



**আপনজন ডেস্ক:** বলা হয়ে থাকে, রেকর্ড নাকি গড়াই হয় ভাঙার জন্য। দেখতে বা শুনতে অবিশ্বাস্য মনে হয়েছে, তবুও পরে সেই রেকর্ড ভেঙে গেছে, এমন ঘটনা তো আর কম নেই। ভারতেরও একটি রেকর্ড টিকে ছিল ৪০ বছর, তা-ও ভেঙে গেল আজ।
আল আমেরাতে আইসিসি ক্রিকেট ওয়ার্ল্ড কাপ লিগ-টুয়ের ম্যাচে আজ ওমানকে ৫৭ হারিয়েছে যুক্তরাষ্ট্র। কিন্তু আসল ঘটনাটা অন্য জায়গায়, আগে ব্যাটিংয়ে নেমে যুক্তরাষ্ট্র করেছিল মাত্র ১২২ রান। পূর্ণদৈর্ঘ্যের (ওভার কমানো হয়নি) ওয়ানডেতে এত অল্প রান করেও জয়ের নতুন রেকর্ড এটি। এর আগে ১৯৮৫ সালে চার জাতির টুর্নামেন্টে শারজাতে পাকিস্তানকে ৩৮ রানে হারিয়েছিল ভারত। সে ম্যাচে আগে ব্যাট করে ভারত করেছিল ১২৫ রান। সেই রেকর্ড ভেঙে নতুন রেকর্ড গড়ল যুক্তরাষ্ট্র। তবে শুধু এটাই নয়, আরও কয়েকটি রেকর্ডই ভাঙা হয়েছে। যুক্তরাষ্ট্র ও ওমান ম্যাচে যে ৯ বোলারকে ব্যবহার করা হয়েছে, তাঁদের সবাই ছিলেন স্পিনার। ৪৬৭১টি আন্তর্জাতিক ওয়ানডে হয়ে যাওয়ার পর এমন ঘটনা এই প্রথম দেখা গেল—কোনো পেসার ম্যাচে একটি বলও করেননি। ওমানকে ৬৫ রানে অলআউট করার পথে যুক্তরাষ্ট্রের নস্টথুশ কেনজিগে ১১ রান দিয়ে নিয়েছেন ৫ উইকেট।
ম্যাচে মোট ১৯ উইকেট নিয়েছেন দুই দলের স্পিনাররা। ওয়ানডেতে এক ম্যাচে স্পিনারদের সর্বোচ্চ উইকেট নেওয়ার যৌথ রেকর্ড এটি, যেখানে জড়িয়ে আছে বাংলাদেশের নামও। ২০১১ সালে চট্টগ্রামে পাকিস্তান-বাংলাদেশ ওয়ানডেতেও ১৯ উইকেট নেন দুই দলের স্পিনাররা।
একটি জায়গায় অবশ্য দ্বিতীয় হতে হয়েছে যুক্তরাষ্ট্র-ওমান ম্যাচকে। দুই দলই অলআউট হয়েছে এবং মোট ৬১ ওভার খেলে তারা করতে পেরেছে ১৮৭ রান। দুটি দলই অলআউট হয়েছে, এমন ওয়ানডেতে সবচেয়ে কম রানের রেকর্ড ২০১৪ সালে বাংলাদেশ-ভারত ম্যাচে। মোট ৪১ ওভার খেলে দুই দল তুলেছিল ১৬৩ রান।

# মহেশ এখন রক্ষণ ও আক্রমণের যোগসূত্র, প্রশংসায় ইস্টবেঙ্গল কোচ



**আপনজন ডেস্ক:** অস্কার ব্রুজোঁর কোচিংয়ে নতুন ভূমিকায় নিজেকে আবিষ্কার করছেন নাওরেম মহেশ সিং। আগে প্রান্ত ধরে দৌড়ে সেন্টারে গোলের বল বাড়ানোর দায়িত্ব সামলাতেন। নতুন কোচের হাতে পড়ে মাঝমাঠে মহেশের দায়িত্ব বদলে গিয়েছে। প্রান্তিক দৌড় নয়, মণিপুরের ফুটবলার এখন আক্রমণভাগ এবং রক্ষণের যোগসূত্রের কাজ করছেন।
প্রতিপক্ষ আক্রমণের সময় রক্ষণকে সাহায্য করে দলের আক্রমণ গড়ে তোলার কাজ করছেন। সবমিলিয়ে নতুন ভূমিকায় সফল মহেশ।
মহামেডান স্পোর্টিংয়ের বিরুদ্ধে ফিরতি মিনি ডার্বিতে তাঁর এবং পিভি বিষ্ণুর যুগলবন্দিতে দলের প্রথম গোল এসেছে। প্রথম লেগে মহামেডানের বিরুদ্ধে লাল কার্ড দেখে বেরিয়ে যেতে হয়েছিল। ফিরতি লড়াইয়ে নায়ক মহেশ।
ম্যাচ শেষে তাঁর পারফরম্যান্সের প্রশংসায় কোচ অস্কার ব্রুজোঁ। নন্দকুমারের খেলারও প্রশংসা করেছেন স্প্যানিশ কোচ।
লাল-হলুদ কোচ বলছেন, “নন্দর পরিবারের একজন প্রয়াত হয়েছেন বলে ওর সময়টা ভালো যাচ্ছিল না। তবে নন্দ ও মহেশ ভালো খেলেছে। প্রথম লেগে যা হয়েছিল, সেজন্য আমরা খুশি ছিলাম না। সেই ম্যাচে ন’জনে খেলতে হয়েছিল আমাদের। মহামেডানের বিরুদ্ধে গত ম্যাচে ওরা দু’জন লাল কার্ড দেখে যে সমস্যা তৈরি করেছিল, তার প্রায়শ্চিত্ত করল বলতে পারেন।”
এছাড়া সল ক্রেসপো মাঠে ফিরে সমস্যা অনেক কমিয়ে দিয়েছে বলেও মনে করেন অস্কার। ব্রুজোঁ বলেন, “ও আমাদের দলের একজন নির্ভরযোগ্য ফুটবলার। তবে আজ ওকে মাত্র ৩০ মিনিট পেয়েছি। ওকে আমাদের পুরো ৯০ মিনিট দরকার।”
অঙ্কের বিচারে প্রথম ছ’য়ে ওঠার আশা রয়েছে। তবে তার বাস্তবায়নের সম্ভাবনা ক্ষীণ ইস্টবেঙ্গলের। কারণ, তার জন্য প্রচুর পারমুটেশন-কম্বিনেশন করতে হবে লিগের পয়েন্ট টেবলে। তাই লিগের শেষটুকু আপাতত ভালোভাবে শেষ করাই পাখির চোখ লাল-হলুদের। সেই সম্ভাবনার কথা মাথায় রেখেই মহেশদের হেডস্যর বলছেন, “আইএসএলে আমরা লড়াই ছেড়ে দিইনি। লড়াই জারি থাকবে। যতটা ভালোভাবে শেষ করা যায় সেই চেষ্টাই করব। পরবর্তী ম্যাচে যদি সেলিস ও জিকসনকে পেয়ে যাই, তাহলে আমরা আরও শক্তিশালী হয়ে উঠব। যদিও ওদের পেশির চোট রয়েছে, তাই জোর করে খেলিয়ে ঝুঁকি নিতে রাজি নই আমরা।”

# পাকিস্তানের মাঠে ভারতের পতাকা না থাকার ব্যাখ্যা দিল পিসিবি



**আপনজন ডেস্ক:** সামাজিক যোগাযোগমাধ্যমের কল্যাণেই দৃশ্যটি অনেকের চোখে পড়ে। এক্স, ইনস্টাগ্রাম ও ফেসবুকে গতকাল ছড়িয়ে পড়া বিভিন্ন ভিডিওতে দেখা যায়, লাহোরের গাদ্দাফি স্টেডিয়ামে এবারের চ্যাম্পিয়নস ট্রফির ৮ দলের মধ্যে ৭ দলের পতাকা লাগানো হয়েছে। নেই শুধু ভারতের পতাকা।
তখনই প্রশ্ন ওঠে, পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি) কি ইচ্ছাকৃতভাবে ভারতের পতাকা লাগায়নি? সামাজিক যোগাযোগমাধ্যমেও ওঠে আলোচনার ঝড়। আজ এর ব্যাখ্যা দিয়েছে পিসিবি।
পাকিস্তানের কয়েকটি সংবাদমাধ্যমের খবরে বলা হয়েছে, এটি পিসিবির পরিকল্পিত কোনো পদক্ষেপ ছিল না; বরং আইসিসির নির্দেশনার কারণে এমনটি হয়েছে। বোর্ডের পক্ষ থেকে জানানো হয়, আইসিসির নির্দেশনা অনুযায়ী চ্যাম্পিয়নস ট্রফির ম্যাচ চলাকালে শুধু চারটি পতাকা উত্তোলন করা হবে—আইসিসি, পিসিবি এবং সেদিনের ম্যাচে অংশগ্রহণকারী দুটি দলের। যেহেতু ভারতীয় দল পাকিস্তানে কোনো ম্যাচ খেলবে না, তাই দেশটির তিন ভেন্যু করাচি, লাহোর ও রাওয়ালপিন্ডিতে ভারতের পতাকা উড়বে না।
পিসিবির এক মুখপাত্র বলেছেন, ‘আইসিসি নির্দেশ দিয়েছে যে ২০২৫ চ্যাম্পিয়নস ট্রফি চলাকালে শুধু চারটি পতাকা উত্তোলন করা হবে—আইসিসি, পিসিবি এবং সেদিনের ম্যাচে অংশ নেওয়া দুই দল। বিষয়টি একদম পরিষ্কার।’
চ্যাম্পিয়নস ট্রফি শুরু হচ্ছে আগামীকাল। করাচির ন্যাশনাল ব্যাংক স্টেডিয়ামে উদ্বোধনী ম্যাচে স্বাগতিক ও বর্তমান চ্যাম্পিয়ন পাকিস্তানের মুখোমুখি হবে নিউজিল্যান্ড।
‘এ’ গ্রুপে পাকিস্তান ও নিউজিল্যান্ডের সঙ্গী বাংলাদেশ ও ভারত। ‘বি’ গ্রুপে খেলবে আফগানিস্তান, অস্ট্রেলিয়া, ইংল্যান্ড ও দক্ষিণ আফ্রিকা।

# কেন কোটি টাকার টিকিট বিক্রি করে দিলেন পিসিবি চেয়ারম্যান



**আপনজন ডেস্ক:** ভেন্যু নিয়ে অনেক জল ঘোলার পর অবশেষে শুরু হচ্ছে চ্যাম্পিয়নস ট্রফি। করাচিতে আগামীকাল উদ্বোধনী ম্যাচে স্বাগতিক পাকিস্তান খেলবে নিউজিল্যান্ডের বিপক্ষে।
তবে চ্যাম্পিয়নস ট্রফির গ্রুপ পর্বে সবচেয়ে বড় ম্যাচ কোনটি, কোন ম্যাচ দেখতে ক্রিকেটপ্রেমীরা অধীর আগ্রহে অপেক্ষা করছেন—তা সবার জানা। ভারত-পাকিস্তান ম্যাচ, রোববার দুবাইয়ে মুখোমুখি হবে দুই প্রতিবেশী।
চিরপ্রতিদ্বন্দ্বী দুই দলের লড়াই উপভোগ করতে পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) চেয়ারম্যান মহসিন নাকভির জন্য দুবাই আন্তর্জাতিক স্টেডিয়ামের ভিআইপি হসপিটালিটি বক্সে ৩০টি আসন বরাদ্দ রেখেছিল সংযুক্ত আরব আমিরাত ক্রিকেট বোর্ড।
কিন্তু পিসিবির তহবিল সংগ্রহে নাকভি বিলাসবহুল আসনের টিকিটগুলো চার লাখ দিরহামে (১ কোটি ৩২ লাখ টাকা) বিক্রি করে দিয়েছেন। এর পরিবর্তে তিনি সাধারণ গ্যালারিতে বসে খেলা দেখবেন। ভারতীয় বার্তা সংস্থা পিটিআই এ তথ্য জানিয়েছে।
পাকিস্তানের টিভি চ্যানেল জিও সুপার জানিয়েছে, মহসিন নাকভি, তাঁর পরিবার ও অতিথিদের ভারত-পাকিস্তানসহ দুবাইয়ের ম্যাচগুলো প্রিমিয়াম আসনে বসে দেখার প্রস্তাব দেওয়া হয়েছিল। কিন্তু নাকভি সব কটি টিকিট বিক্রি করে দিয়েছেন। সেখান থেকে পাওয়া ১ কোটি ৩২ লাখ টাকা তিনি পিসিবির উন্নয়নমূলক কাজে, বিশেষ করে স্টেডিয়াম আধুনিকীকরণে ব্যবহার করবেন।

# ভিন্ন সমীকরণে মিলান-বায়ার্ন



**আপনজন ডেস্ক:** এসি মিলান না ফেয়েনুর্দ। প্রথম লেগ জেতায় শেষ ষোলোর টিকিট কাটার লড়াইয়ে আপাতত এগিয়ে ডাচ জায়ান্টরা। তবে ফিরতি ম্যাচটা সান সিরোয় বলে আশায় বুক বাঁধতে পারে মিলান সমর্থকরাও। নিজ মাঠে অন্তত ১-০ গোলে জিততে পারলেও তো লড়াইটা তারা নিয়ে যেতে পারবে অতিরিক্ত সময়ে। এরপর ভাগ্য সহায় থাকলে মিলেও যেতে পারে অঙ্ক। সাতবারের চ্যাম্পিয়ন এসি মিলান কি পারবে এই সমীকরণ মিলিয়ে শেষ ষোলোয় জায়গা করে নিতে?
বায়ার্ন মিউনিখের সামনে অঙ্কটা একদম সরল। অ্যালেয়াঞ্জ অ্যারেনায় স্কটিশ প্রতিপক্ষ সেল্টিকের সঙ্গে ড্র করলেও তারা পৌঁছে যাবে শেষ ষোলোয়। প্রথম লেগে ২-১ ব্যবধানে জিতে এগিয়ে থাকার পাশাপাশি তাদের জন্য স্বস্তির খবর নিজ মাঠের গৌরবান্বিত সোনালিও অতীতও। অ্যালেয়াঞ্জ অ্যারেনায় ২০২১ সালের পর চ্যাম্পিয়নস লিগের কোনো ম্যাচ হারেনি বায়ার্ন। রূপকথার এই ভ্রমণে রিয়াল মাদ্রিদ ও ম্যানসিটির মতো প্রতিপক্ষের সঙ্গে খেলেও তারা ২০ ম্যাচ অপারিজত। সেল্টিকের বিপক্ষেও অজেয় থাকার অভিন্ন লক্ষ্য নিয়ে মাঠে নামবে ভিনসেন্ট কম্পানির দল।

# ‘পাকিস্তান’ লেখা জার্সি পরেই খেলবে ভারত




**আপনজন ডেস্ক:** গুঞ্জন তাহলে গুঞ্জনই থেকে গেল। ভারতীয় সংবাদমাধ্যমগুলো জানিয়েছিল, নিজেদের চ্যাম্পিয়নস ট্রফির জার্সিতে স্বাগতিক পাকিস্তানের নাম লিখতে অস্বীকৃতি জানিয়েছে বিসিসিআই। তবে গতকাল উন্মোচিত ভারতের জার্সিতে দেখা গেছে আয়োজক পাকিস্তানের নাম। মানে রোহিত-কোহলিরা পাকিস্তানের নামসংবলিত জার্সি পরেই চ্যাম্পিয়নস ট্রফিতে খেলবেন। আয়োজক পাকিস্তান হলেও ভারত তাদের ম্যাচগুলো খেলবে সংযুক্ত আরব আমিরাতে। এরপরও নিয়ম অনুসারে জার্সিতে মূল আয়োজক পাকিস্তানের নাম রাখার কথা ভারতের। বৈশ্বিক টুর্নামেন্টগুলোয় এমনটাই হয়ে আসছে। সব দলের জার্সিতে টুর্নামেন্টের লোগোর নিচে স্বাগতিক দেশের নাম ও সাল লেখা থাকে। কোনো কারণে টুর্নামেন্ট অন্য কোনো দেশে সরে গেলেও আয়োজক দেশের নামটাই লেখা থাকে। ২০২১ টি-টোয়েন্টি বিশ্বকাপ ভারত থেকে আরব আমিরাতে সরে গেলেও সব দল ভারত ২০২১ লেখা জার্সি পরেই খেলেছে। এবার ভারত আরব আমিরাতে ম্যাচ খেললেও আয়োজক তো পাকিস্তানই। তাই ভারতের জার্সিতে পাকিস্তানের নাম থাকা না-থাকা নিয়ে আলোচনায় ক্ষুব্ধ হয়েছিল পাকিস্তান ক্রিকেট বোর্ড। তবে শেষ পর্যন্ত ভারতের জার্সিতে পাকিস্তান থাকছেই।
সমস্যার শেষ এখানেই নয়! লাহোরের গাদ্দাফি স্টেডিয়ামে চ্যাম্পিয়নস ট্রফিতে অংশ নেওয়া ৮ দলের মধ্যে ৭ দলের পতাকা লাগানো হয়েছে। সেখানে রাখা হয়নি ভারতের পতাকা। কেউ কেউ বলছেন, ভারত ক্রিকেট দল চ্যাম্পিয়নস ট্রফি খেলতে পাকিস্তানে যাচ্ছে না বলেই পিসিবি ভারতের পতাকা রাখেনি। যদিও এ বিষয়ে পিসিবির আনুষ্ঠানিক কোনো বক্তব্য পাওয়া যায়নি।
এর আগে ক্যাপ্টেনস ডের অনুষ্ঠানে অধিনায়ক রোহিত শর্মাকেও পাকিস্তানে যেতে দেয়নি ভারত। শেষ পর্যন্ত এমন কোনো অনুষ্ঠানই হয়নি। সব মিলিয়ে এই দুটি দেশের দ্বন্দ্বের প্রভাব ভালোভাবেই পড়েছে টুর্নামেন্টে। সামনেও পড়বে। কারণ, চ্যাম্পিয়নস ট্রফিসহ পাকিস্তান ও ভারতে আয়োজিত সামনের চারটি আসর ‘হাইব্রিড মডেলে’ আয়োজনের সিদ্ধান্ত হয়েছে। এবারের আসরে ভারত খেলছে ‘গ্রুপ-এ’-তে। যেখানে ২০ ফেব্রুয়ারি প্রথম প্রতিপক্ষ বাংলাদেশ। এই গ্রুপের অপর দুই দল পাকিস্তান ও নিউজিল্যান্ড। আগামীকাল করাচিতে এ দুই দলের ম্যাচ দিয়ে শুরু হবে চ্যাম্পিয়নস ট্রফির নবম আসর। ভারত-পাকিস্তান ম্যাচ ২৩ ফেব্রুয়ারি, দুবাইয়ে।

# ভারতকে ফাইনালে দেখছেন আকমল, পাকিস্তানকে শেষ চারেও নয়



**আপনজন:** চ্যাম্পিয়নস ট্রফি শুরু হতে আর কয়েক ঘণ্টা বাকি। পাকিস্তান-নিউজিল্যান্ড ম্যাচ দিয়ে শুরু হবে টুর্নামেন্টের দামামা। ঘরের মাঠে আইসিসির টুর্নামেন্ট হওয়ায় স্বাভাবিকভাবেই অন্যতম ফেবারিট দল পাকিস্তান। হাতের তালুর মতো চেনা কন্ডিশন এবং ঘরের সমর্থকদের সমর্থন বলে কথা!
কিন্তু এতকিছুর পরেও নিজ দলকে চ্যাম্পিয়নস ট্রফিতে এগিয়ে রাখছেন না কামরান আকমল। উল্টো পাকিস্তানের সাবেক উইকেটরক্ষক ব্যাটার চিরপ্রতিদ্বন্দ্বী ভারতকে ফাইনালে দেখছেন। পাকিস্তানকে শেষ চারেও রাখছেন না তিনি। ভারতীয় সংবাদ মাধ্যম হিন্দুস্তান টাইমসকে এমনটিই জানিয়েছেন তিনি।
পাকিস্তান দল বেশ কিছু জায়গায় দূর্বল রয়েছে বলে মনে করেন আকমল।
তাই নিজ দলকে নিয়ে তিনি বলেছেন, ‘পাকিস্তান দল হচ্ছেন এমন- যখন ভালো খেলবে তখন চাঁদেও পৌঁছাতে পারে। অন্যথা মাটিতে পড়তে সময় লাগে না। আমাদের দলে অনেক ফাঁক-ফোকর আছে। বোলাররা সংগ্রাম করছে।
স্পিনাররাও ভালো করছে না। সঙ্গে ওপেনাররা ধুঁকছে। আমি জানি না, নির্বাচক এবং অধিনায়কের মাথায় কি ঘুরছে। আমাদের সভাপতিও এমন দলকে অনুমোদন দিল। এখন দেখার বিষয় সামনে কি ঘটতে যাচ্ছে। অন্যরা আমাদের থেকে বেশ ভারসাম্যপূর্ণ।’

# জয় কৃষ্ণপুর সোশ্যাল সার্ভিস ক্লাবের উদ্যোগে ৮ দলীয় ভলিবল টুর্নামেন্ট



রাকিবুল ইসলাম ● হরিহরপাড়া

**আপনজন:** জয় কৃষ্ণপুর সোশ্যাল সার্ভিস ক্লাবের পরিচালনায় ৮ দলীয় ভলিবল টুর্নামেন্টে অনুষ্ঠান অনুষ্ঠিত হলো সোমবার রাতে মুর্শিদাবাদের হরিহরপাড়া থানার জয়কৃষ্ণপুর গ্রামে। এদিন এই খেলায় অংশগ্রহণ করেন নওদা, ডোমকল, হরিহরপাড়া সহ পার্শ্ববতী নদীয়া জেলার খেলোয়াড়রা। এদিনের এই খেলায় চ্যাম্পিয়ন হয় ইসলামপুরের সাহাজপুর যুবকবৃন্দরা। রানার্স হয় ডোমকলের শ্রীরামপুর যুবকবৃন্দরা। এই খেলাই চ্যাম্পিয়নদের ৬ হাজার টাকা ক্যাশ সহ ট্রফি দেওয়া হয়। রানার্সদের ৪ হাজার টাকা ক্যাশ সহ ট্রফি তুলে দেওয়া হয়। এদিন এই খেলা দেখতে ভিড় জমান খেলা প্রেমীরা। এ দিনের এই খেলায় উপস্থিত ছিলেন জেলা পরিষদের সদস্য জিল্লার রহমান, বিশিষ্ট সমাজসেবী সাহানুর জ্জামান শেখ, ক্লাবের সেক্রেটারি তথা প্রাক্তন জেলা পরিষদের সদস্য আবদুল নোমান মন্ডল, বিশিষ্ট সমাজসেবী রাজিবুল ইসলাম, ক্লাবের সভাপতি ইউসুফ আলি, ক্লাবের সহ-সভাপতি আব্দুর রাজ্জাক, ক্লাবের সহ সম্পাদক আসারুল সেক, ক্লাবের কোষাধাক্ষ তাজিরুল ইসলাম, বিশিষ্ট সমাজসেবী নবাব সেক, ক্লাবের সদস্যরা সহ বিশিষ্ট ব্যক্তিরা।

# চ্যাম্পিয়নস ট্রফিতে নিরাপত্তা: চলছে গোয়েন্দা অভিযান, ১২ হাজারের বেশি পুলিশ, থাকছে স্নাইপারও

**আপনজন ডেস্ক:** চ্যাম্পিয়নস ট্রফিতে মাঠের বাইরেও প্রমাণ করতে হচ্ছে পাকিস্তানকে। ২৯ বছর পর প্রথমবার আইসিসির কোনো টুর্নামেন্ট আয়োজন করতে যাচ্ছে দেশটি। নিরাপত্তার প্রশ্নে তাই ছাড় দিতে রাজি নয় পাকিস্তান। শুধু লাহোর ও রাওয়ালপিন্ডিতেই নিরাপত্তার জন্য ১২ হাজারের বেশি পুলিশ সদস্য মোতায়েন করা হয়েছে বলে জানিয়েছে পাকিস্তানের সংবাদমাধ্যম দ্য এক্সপ্রেস ট্রিবিউন। পাঞ্জাবের পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) উসমান আনোয়ার নিশ্চিত করেছেন, দেশি-বিদেশি খেলোয়াড়, কর্মকর্তা ও ক্রিকেট-ভক্তদের জন্য পূর্ণ নিরাপত্তা নিশ্চিত করা হবে।
লাহোরে নিরাপত্তার দায়িত্বে থাকবেন ৮ হাজারের বেশি পুলিশ সদস্য, যার মধ্যে থাকবেন ১২ জন সিনিয়র অফিসার, ৩৯ জন ডিএসপি, ৮৬ জন পরিদর্শক, ৭০০ জন উর্ধ্বতন কর্মকর্তা, ৬ হাজার ৬৭৩ জন কনস্টেবল এবং ১২৯ জন নারী পুলিশ।







মুদ্রক, প্রকাশক ও স্বত্বাধিকারী জাইদুল হক কর্তৃক ৯৪/২ কলিন স্ট্রিট, কলকাতা-৭০০০১৬ থেকে প্রকাশিত ও সমর প্রিন্টেক, ২৯ তপসিয়া রোড সাউথ, কলকাতা-৭০০০৪৬ থেকে মুদ্রিত। **সম্পাদকীয় দফতর:** আপনজন পাবলিকেশন, ৬ কিড স্ট্রিট, কলকাতা-৭০০০১৬। সম্পাদক: **জাইদুল হক**।
Printed, Published and owned by Zaidul Hawue, Published from 94/2 Collin Street, Kolkata-700016, Printed at Samar Printech, 29 Topsia Road South, Kolkata-700046. **Editorial Office:** 6 Kyd Street, Kolkata-700016. M: 9748892902 **Editor: Zaidul Hawue**